# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Falgun 16, 1432 Bangla, March 01, 2026, Sunday, No. 60, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has said Bangladesh has begun a democratic journey through the recently held national election. (Jago FM: 07)

Prime Minister Tarique Rahman has held a views-exchange meeting with officers and employees of his office for the first time since assuming office. (Jago FM: 07)

Law Minister Md Asaduzzaman has said all the ordinances of the interim govt will be presented in the form of a bill in the first session of the next parliament. (Jago FM: 09)

The govt has ordered all ministries and departments to prepare short, medium and long-term action plans to implement the BNP's election manifesto. (Jago FM: 12)

Home Minister and BNP Standing Committee member Salahuddin Ahmed has said the current government will make the parliament the centre of discussions. (Jago FM: 12)

Panic has spread in the area after miscreants opened fire on the house of a businessman under police guard in Chittagong. (Jago FM: 11)

According to a survey by Aachol Foundation, 403 students from schools, colleges, universities, and madrasas across the country committed suicide in 2025. (Jago FM: 11)

Iran's Supreme National Security Council has said Ayatollah Ali Khamenei has been killed while working in his office. (BBC: 05)

All flights from Dhaka to the Middle East have been suspended following the joint US-Israeli attack on Iran and Iranian counterattacks across the Middle East. (BBC: 03)

The Bangladesh Embassy in Doha has requested all expatriate Bangladeshi citizens in Qatar to exercise special caution in the context of the current situation in the Middle East. (Jago FM: 08)

Iran's state-run Islamic Republic News Agency (IRNA) reports the death toll after a strike on a girls' school has risen to 53. (BBC: 06)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**ফাল্গুন ১৬, বাংলা ১৪৩২, মার্চ ০১, ২০২৬, রবিবার, নং- ৬০, ৫৬তম বছর**

# শিরোনাম

দেশে নির্বাচনের মাধ্যমে গণতন্ত্রের যাত্রা শুরু হয়েছে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। (জাগো এফএম: ০৭)

প্রধানমন্ত্রী তারেক রহমান দায়িত্ব গ্রহণের গতকাল (শনিবার) প্রথমবারের মতো প্রধানমন্ত্রীর কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে মতবিনিময় করেছেন। (জাগো এফএম: ০৭)

আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী আসাদুজ্জামান বলেছেন, আগামী সংসদের প্রথম অধিবেশনেই অন্তর্বর্তী সরকারের প্রত্যেকটা অধ্যাদেশ বিল আকারে পেশ করা হবে। (জাগো এফএম: ০৯)

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বিএনপির নির্বাচনি ইশতেহার বাস্তবায়নে সব মন্ত্রণালয় ও বিভাগকে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি কর্মপরিকল্পনা নেওয়ার নির্দেশ দিয়েছে সরকার। (জাগো এফএম: ১২)

স্বরাষ্ট্রমন্ত্রী ও বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ বলেছেন, বর্তমান সরকার জাতীয় সংসদকে দেশের সব আলোচনার কেন্দ্রবিন্দুতে পরিণত করবে। (জাগো এফএম: ১২)

চট্টগ্রামে পুলিশ পাহারায় থাকা এক ব্যবসায়ীর বাসা লক্ষ্য করে দুর্বৃত্তদের গুলি ছোড়ার ঘটনায় এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়েছে। (জাগো এফএম: ১১)

সামাজিক সংগঠন আঁচল ফাউন্ডেশনের এক প্রতিবেদন বলছে, ২০২৫ সালে সারাদেশে স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয় ও মাদরাসার ৪০৩ শিক্ষার্থী আত্মহত্যা করেছে বলে। (জাগো এফএম: ১১)

ইরানের সুপ্রিম ন্যাশনাল সিকিউরিটি কাউন্সিল জানিয়েছে, আয়াতুল্লাহ আলী খামেনি তার কার্যালয়ে কাজ করার সময়েই নিহত হয়েছেন। (বিবিসি: ০৫)

ইরানে যুক্তরাষ্ট্র-ইসরায়েলের যৌথ হামলার ও মধ্যপ্রাচ্যজুড়ে ইরানের পাল্টা হামলার পর ঢাকা থেকে মধ্যপ্রাচ্যগামী বিমানের সব ফ্লাইট স্থগিত করা হয়েছে। (বিবিসি: ০৩)

মধ্যপ্রাচ্যের বর্তমান পরিস্থিতির প্রেক্ষাপটে কাতারে অবস্থিত সব প্রবাসী বাংলাদেশি নাগরিককে বিশেষ সতর্কতা অবলম্বন করার জন্য অনুরোধ করেছে দোহায় অবস্থিত বাংলাদেশ দূতাবাস। (জাগো এফএম: ০৮)

ইরানের রাষ্ট্রীয় নিউজ এজেন্সি আইআরএনএ'র খবর অনুসারে, দেশটিকে মেয়েদের একটি স্কুলে ক্ষেপণাস্ত্র হামলার পর মৃতের সংখ্যা বেড়ে ৫৩ জনে দাঁড়িয়েছে। (বিবিসি: ০৬)

# বিবিসি

## ঢাকা থেকে মধ্যপ্রাচ্যগামী বিমানের সব ফ্লাইট স্থগিত

ইরানে যুক্তরাষ্ট্র-ইসরায়েলের যৌথ হামলার ও মধ্যপ্রাচ্যজুড়ে ইরানের পাল্টা হামলার পর ঢাকা থেকে মধ্যপ্রাচ্যগামী বিমানের সব ফ্লাইট স্থগিত করা হয়েছে। শনিবার বাংলাদেশ বিমানের এক বিজ্ঞপ্তিতে জরুরি এই নির্দেশনা জানানো হয়। এতে বলা হয়, "বিমান বাংলাদেশ এয়ারলাইনস অত্যন্ত দুঃখের সাথে জানাচ্ছে যে, মধ্যপ্রাচ্যের বর্তমান নিরাপত্তা পরিস্থিতির কারণে দাম্মাম, জেদ্দা, মদিনা, রিয়াদ, শারজাহ, আবুধাবি, দুবাই, কুয়েতসহ মধ্যপ্রাচ্যের সকল গন্তব্যে বিমানের সকল ফ্লাইট পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত স্থগিত রাখা হয়েছে।" বিজ্ঞপ্তিতে, মধ্যপ্রাচ্যের ওই দেশগুলো গমন করতে ইচ্ছুক সকল যাত্রীদের বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের সাথে যোগাযোগ না করে বিমানবন্দরে না আসার জন্য বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে। এ বিষয়ে যোগাযোগের জন্য ১৩৬৩৬ নম্বরে কল করার অনুরোধ জানিয়েছে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স। (বিবিসি ওয়েব পেজ: ২৮.০২.২০২৬ এলিনা)

## অন্তবর্তী সরকারের অধ্যাদেশগুলোর ভাগ্যে কী আছে?

বাংলাদেশে অন্তবর্তী সরকারের শাসনে জারি করা স্পর্শকাতর বেশকিছু অধ্যাদেশ নিয়ে প্রশ্ন রয়েছে বিএনপি সরকারের। তবে নবনির্বাচিত এই সরকার দায়মুক্তি অধ্যাদেশ বহাল রেখে এর আইনি ভিত্তি দিতে পারে। তাদের আপত্তি আছে, আলোচিত সংবিধান সংস্কার পরিষদ গঠনের আদেশসহ বেশ কিছু অধ্যাদেশ নিয়ে। ফলে প্রশ্ন উঠছে, বিগত অন্তবর্তী সরকারের সময়ে জারি করা অধ্যাদেশগুলোর আইনি ভিত্তির ভবিষ্যৎ নিয়ে। এগুলোর ভাগ্যে কী রয়েছে- চলছে এমন আলোচনা। আইন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে দেওয়া তথ্য অনুযায়ী, অন্তবর্তী সরকারের আঠারো মাসে ১৩৩টি অধ্যাদেশ জারি করা হয়েছে। সিনিয়র আইনজীবী শাহদীন মালিক বলছেন, অল্প সময়ে এত অধ্যাদেশ জারি করা হয়েছে, সেক্ষেত্রে প্রতিটি অধ্যাদেশের জন্য গড়ে পাঁচ দিনের কম সময় লেগেছে। এখন নতুন বা ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন বসবে আগামী ১২ মার্চ। শাহদীন মালিক উল্লেখ করেন, সংসদ বসা থেকে ৩০ দিনের মধ্যে যে অধ্যাদেশগুলোর আইনি ভিত্তি দেওয়া সম্ভব হবে না, সেগুলো স্বয়ংক্রিয়ভাবে 'মৃত' বা বাতিল হয়ে যাবে। যদিও বিএনপি সরকারের পক্ষ থেকে বলা হচ্ছে, অন্তবর্তী সরকারের সময়ের অধ্যাদেশগুলো তারা যাচাই-বাছাই করছে। কিন্তু কতটি বা কোন অধ্যাদেশগুলোর আইনি ভিত্তি দেবে তারা, সেটা এখনো স্পষ্ট নয়।

অস্পষ্টতা বা অনিশ্চয়তার প্রশ্ন কেন আসছে?

জুলাই গণ-অভ্যুত্থানে ২০২৪ সালের ৫ আগস্ট আওয়ামী লীগের শাসনের পতনের তিনদিন পর গঠিত হয়েছিল অন্তবর্তী সরকার। এই সরকারের প্রতি সমর্থন দিয়েছিল বিএনপি, জামায়াতে ইসলামীসহ সে সময় সক্রিয় সব রাজনৈতিক দল। রাজনৈতিক বিশ্লেষকেরা বলছেন, বড়ো রাজনৈতিক সমর্থন পাওয়া সেই সরকার যখন কিছু আদেশ এবং একের পর এক অধ্যাদেশ জারি করেছে, তখনই স্পর্শকাতর কিছু ক্ষেত্রে বিএনপির আপত্তি ছিল। বিশেষ করে, সংবিধান সংস্কার পরিষদ গঠনের জন্য আদেশ জারি করার সময়ই আপত্তি জানিয়েছিল বিএনপি। দলটি এমন আদেশ জারির এখতিয়ার নিয়েই প্রশ্ন তুলেছিল। ফেব্রুয়ারির ১২ তারিখে অনুষ্ঠিত জাতীয় সংসদ নির্বাচনে নিরঙ্কুশ বিজয় পাওয়া বিএনপি সরকার গঠনের পরও ওই ইস্যুতে পুরোনো অবস্থানেই রয়েছে বলে মনে হয়েছে। তাদের সেই অবস্থানের প্রকাশও দেখা গেছে, বিএনপি এবং এর মিত্র দলগুলো মিলে ২১২জন সংসদ সদস্য সংবিধান সংস্কার পরিষদের সদস্য হিসেবে শপথ নেননি। যদিও জামায়াত ও এনসিপির জোটের নির্বাচিতরা সংসদ সদস্যের পাশাপাশি, সংবিধান সংস্কার পরিষদের সদস্য হিসেবেও শপথ নিয়েছেন। বিএনপি সরকারের সংশ্লিষ্ট একাধিক সূত্র জানিয়েছেন, সংবিধান সংস্কার পরিষদ প্রশ্নে তাদের অবস্থানের পরিবর্তন এখনো হয়নি। তাদের নীতি-নির্ধারণী পর্যায়ে বিষয়টি নিয়ে আবারও আলোচনা করবেন। আইনজ্ঞদের অনেকের মতে, অন্তবর্তী সরকারের সময়ে জারি করা জুলাই জাতীয় সনদ (সংবিধান সংস্কার) বাস্তবায়ন আদেশ অনুযায়ী, গণভোট হয়েছে। তাতে 'হ্যাঁ' বিজয়ী হয়েছে। ফলে সংবিধান সংস্কার পরিষদ গঠনের বিষয়টি আলোচনায় এসেছে।

আইনজীবী শাহদীন মালিক বিবিসি বাংলাকে বলেছেন, সংবিধান সংস্কার পরিষদ গঠনের আদেশ নিয়েই যেহেতু বিএনপির আপত্তি, ফলে এ সম্পর্কিত আদেশ ও অধ্যাদেশের ভাগ্য নিয়ে অনিশ্চয়তা থাকছে। এই আইনজীবীর বক্তব্যও বিএনপির অবস্থানের সঙ্গে মিলে যায়। তিনি বলেন, "অধ্যাদেশ জারি করে সংবিধানের কোনো অংশ বাতিল বা পরিবর্তন করা যায় না। সেখানে বেশকিছু অধ্যাদেশ করা হয়েছে, যেগুলো সংবিধানের সঙ্গে সাংঘর্ষিক।" এদিকে, বিএনপি সরকারের সংশ্লিষ্ট একাধিক সূত্র বলছে, গণভোট, সরকারি চাকরিতে প্রবেশের বয়সসীমা বাড়িয়ে ৩২ বছর করা, ক্ষমতাচ্যুত আওয়ামী লীগের রাজনৈতিক কার্যক্রম নিষিদ্ধ করাসহ স্পর্শকাতর কিছু বিষয়ে অধ্যাদেশের ব্যাপারে তাদের সরকার এখনো চূড়ান্ত কোনো সিদ্ধান্ত নেয়নি। আইন ও সংসদ বিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান বিবিসি বাংলাকে এটুকুই বলেছেন, তারা সব অধ্যাদেশ যাচাই-বাছাই করছেন। সরকারের সংশ্লিষ্ট অন্য সূত্রগুলো বলছে, অন্তবর্তী সরকারের সব অধ্যাদেশের আইনি ভিত্তি দেবে না বর্তমান সরকার। তারা সংবিধানের সঙ্গে সাংঘর্ষিক নয় এবং একেবারে প্রয়োজনীয় কিছু অধ্যাদেশ বাছাই করছেন। সেগুলোই সংসদের প্রথম অধিবেশনে উত্থাপন করে আইনে পরিণত করা হবে। আইনজ্ঞরা বলছেন, বিএনপি সরকার যেহেতু এখনো স্পষ্ট করছে না তাদের অবস্থান, যাচাই-

বাছাইয়ের কথা বলছে- ফলে শেষপর্যন্ত কতটা অধ্যাদেশের আইনি ভিত্তি তারা দেবে, এমন কথা যেমন উঠছে, আলোচনায় আসছে অনিশ্চয়তার প্রশ্ন।

দায়মুক্তিতে আপত্তি নেই বিএনপির

যে অধ্যাদেশ নানা আলোচনার জন্ম দিয়েছিল, আপত্তি তুলেছিলেন মানবাধিকার সংগঠক ও আইনজীবীদের অনেকে, সেটি হচ্ছে দায়মুক্তির অধ্যাদেশ। জাতীয় নির্বাচন অনুষ্ঠানের সপ্তাহ তিনেক আগে ২৫ জানুয়ারি জারি করা হয় 'জুলাই গণ-অভ্যুত্থান (সুরক্ষা ও দায় নির্ধারণ) অধ্যাদেশ, ২০২৬'। এই অধ্যাদেশে বলা হয়, জুলাই গণ-অভ্যুত্থানকারীদের বিরুদ্ধে করা সব দেওয়ানি ও ফৌজদারি মামলা, অভিযোগ বা কার্যধারা নির্ধারিত বিধান অনুসরণ করে প্রত্যাহার করা হবে। এছাড়া, নতুন কোনো মামলা, অভিযোগ বা কার্যধারা গণ-অভ্যুত্থানকারীদের বিরুদ্ধে আইনত বাধা (বারিত) হবে। মানবাধিকার সংগঠনগুলো আপত্তি জানিয়ে বলেছিল, গণ-অভ্যুত্থানের সময় পুলিশ হত্যাকাণ্ডসহ বিভিন্ন ফৌজদারি অপরাধও সংগঠিত হয়েছে। কিন্তু অধ্যাদেশের মাধ্যমে আন্দোলনকারীদের দায়মুক্তি দেওয়া সংবিধান পরিপন্থি। তাদের এমন অবস্থানের সমালোচনা করেছিলেন জুলাই আন্দোলনকারীরা। যদিও অধ্যাদেশে বলা হয়েছে, সে সময় ক্ষতিগ্রস্তদের কেউ চাইলে সরকারের জাতীয় মানবাধিকার কমিশনে অভিযোগ করতে পারবেন। তবে এতে সন্তুষ্ট হতে পারেননি মানবাধিকার সংগঠকেরা। কিন্তু আলোচিত এই দায়মুক্তির অধ্যাদেশের আইনি ভিত্তি দেবে বিএনপি সরকার, এমন ধারণা পাওয়া গেছে। এই সরকারের স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বিবিসি বাংলাকে বলেন, দায়মুক্তির এই অধ্যাদেশের আইনি ভিত্তি দেওয়ার চিন্তা তাদের রয়েছে। এর কারণ ব্যাখ্যায় তিনি বলেন, জুলাই গণ-অভ্যুত্থানে অংশগ্রহণকারীদের অনেকে দমন-পীড়ন ও নির্যাতনের শিকার হয়েছেন, ১৪০০ প্রাণহানি ও অনেকে আহত হয়েছেন। ফলে এখানে আবেগ-অনুভূতির বিষয় আছে। সেটি বিবেচনায় নিচ্ছে বিএনপি সরকার। বিএনপি এই অধ্যাদেশের বিপক্ষে অবস্থান নেবে না, এমন ইঙ্গিত পাওয়া যায়। জামায়াত ও এনসিপিসহ অন্য দলগুলো দায়মুক্তির অধ্যাদেশের পক্ষেই রয়েছে। বিএনপিও ইঙ্গিত দিচ্ছে। ফলে এই অধ্যাদেশের আইনি ভিত্তি পাওয়ার প্রশ্নে অনিশ্চয়তা কম। তবে সরকারের একাধিক সূত্র এ-ও বলেছে, গণ-অভ্যুত্থানের সময় পুলিশ হত্যার ঘটনা আলাদাভাবে তদন্ত করার চিন্তাও রয়েছে বিএনপি সরকারে। এদিকে, আইনজীবী শাহদীন মালিক বলছেন, "দায়মুক্তির অধ্যাদেশ সংসদে অনুমোদন করা হলেও, সংবিধানের সঙ্গে সাংঘর্ষিক হওয়ায় এর আইনগত বৈধতা নিয়ে প্রশ্ন তোলার সুযোগ থাকে।"

গণভোট প্রশ্নে কী করবে বিএনপি

সংবিধান সংস্কারের ব্যাপারে গণভোট নিয়ে নির্বাচনের আগে বিএনপির অবস্থান স্পষ্ট ছিল না, এমন অভিযোগ তুলেছিল জামায়াতসহ অন্য দলগুলো। অবশ্য নির্বাচনি প্রচারণার এক পর্যায়ে বিএনপির চেয়ারম্যান ও বর্তমান প্রধানমন্ত্রী তারেক রহমান তার বক্তব্যে 'হ্যাঁ' ভোট চেয়েছিলেন। এখন বিএনপির সরকার গণভোট সম্পর্কিত অধ্যাদেশের ব্যাপারে কী অবস্থান নেবে, তাও স্পষ্ট করছেন না সংশ্লিষ্টরা। বিএনপি সরকারের সংশ্লিষ্ট একাধিক নেতা বলছেন, সংসদের প্রথম অধিবেশন বসার আগেই উচ্চপর্যায়ে আলোচনা করে তারা বিষয়টাতে সিদ্ধান্ত নেবেন। তবে বিশ্লেষকেরা মনে করেন, গণভোটে 'হ্যাঁ' বিজয়ী হয়েছে। ফলে এ সম্পর্কিত অধ্যাদেশের আইনি ভিত্তি দেওয়া এবং সংস্কারের জুলাই সনদ বাস্তবায়নের বিষয়ে বাধ্যবাধকতা তৈরি হয়েছে। এছাড়াও জুলাই আন্দোলনের 'স্পিরিটের' বিপক্ষে বিএনপি যেতে পারবে না। এমন বাস্তবতায় স্পর্শকাতর এই বিষয়টিতেও বিএনপিকে পক্ষে অবস্থান নিতে হবে বলে মনে করছেন বিশ্লেষকেরা। চাকরিতে ঢোকার বয়সের সীমা বৃদ্ধি, ক্ষমতাচ্যুত আওয়ামী লীগের রাজনৈতিক কার্যক্রম নিষিদ্ধ করার অধ্যাদেশ যখন জারি করা হয়, তখন বিএনপি, জামায়াতসহ কোনো দলই আপত্তি করেনি। দেশের রাজনীতিতে আওয়ামী লীগের অনুপস্থিতিতে সক্রিয় সব দলেরই ওই অধ্যাদেশের ব্যাপারে এক ধরনের সায় ছিল বলে বিশ্লেষকেরা মনে করেন। তবে বিএনপির রাজনৈতিক সরকার রাজনীতিতে আওয়ামী লীগকে কতটা জায়গা দেবে, সে ব্যাপারে আলোচনা আছে। নির্বাচনে বিজয়ের পর প্রথম সংবাদ সম্মেলনে আওয়ামী লীগের রাজনীতি করতে পারা, না পারা নিয়ে সাংবাদিকদের প্রশ্নে তারেক রহমান বলেছেন, আইন অনুযায়ী হবে। তবে আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধ করার ওই অধ্যাদেশের ব্যাপারে অবস্থান স্পষ্ট করেনি বিএনপি। ফলে এ নিয়ে তাদের সিদ্ধান্ত জানতে অপেক্ষা করতে হবে।

সরকারি চাকরিতে প্রবেশের বয়সসীমা ৩০ থেকে ৩২ বছর করা হয়েছে যে অধ্যাদেশের মাধ্যমে, সেই অধ্যাদেশকেও স্পর্শকাতর হিসেবে বিবেচনা করছে বিএনপি সরকার। এ অধ্যাদেশ নিয়েও আলোচনা করে সিদ্ধান্ত নেওয়ার কথা বলছে তারা। তবে এই অধ্যাদেশ বাতিল করা হলে তরুণদের ভেতরে বিএনপির প্রতি বিরূপ প্রতিক্রিয়া হতে পারে। ফলে বিএনপি সরকারকে এই বাস্তবতাও বিবেচনায় নিতে হবে বলে বিশ্লেষকেরা মনে করছেন। আইনজীবী শাহদীন মালিক যেমনটা বলছিলেন যে, সংবিধানের সঙ্গে সাংঘর্ষিক অনেক অধ্যাদেশ আছে, যেগুলো নিয়ে উচ্চ আদালতে চ্যালেঞ্জ করা সুযোগ আছে। অনেক অধ্যাদেশ নিয়ে বিএনপি সরকারের রাজনৈতিক সিদ্ধান্তের প্রয়োজন। ফলে এগুলোর ভাগ্য নির্ধারণের পথে জটিলতা আছে। বিএনপি সরকারের সংশ্লিষ্টরাও জটিলতার কথা বলছেন। তবে তাদের বক্তব্য হচ্ছে, প্রেক্ষাপট, বাস্তবতা ও সর্বোপরি আইনগত দিক বিবেচনা করে তাদের সিদ্ধান্ত নিতে হবে। আর সে ক্ষেত্রে অন্তর্বর্তী সরকারের সব অধ্যাদেশ নয়, নির্দিষ্ট সংখ্যক অধ্যাদেশের আইনি ভিত্তি দেওয়া সম্ভব হতে পারে। আইনজ্ঞরা বলছেন, বিগত অন্তর্বর্তী সরকারের জারি করা যে সব অধ্যাদেশের আইনি ভিত্তি দেওয়া হবে না, সে সব অধ্যাদেশের অধীনে যে কর্মকাণ্ড হয়েছে-তার বৈধতা হারাবে। (বিবিসি ওয়েব পেজ : ২৮.০২.২০২৬ আলী আহমেদ)

আয়াতুল্লাহ আলী খামেনি যে 'আর নেই' তার 'লক্ষণ বাড়ছে', দাবি নেতানিয়াহুর

যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলার পর ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনি যে আর "নেই", তার "লক্ষণ ক্রমশ বাড়ছে" বলে দাবি করেছেন ইসরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু। তার এই বক্তব্যের পর, অসমর্থিত বিভিন্ন প্রতিবেদনে বলা হয়েছে যে, যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলায় মি. খামেনি নিহত হয়েছেন। একজন ঊর্ধ্বতন ইসরায়েলি কর্মকর্তার বরাত দিয়ে বার্তা সংস্থা রয়টার্স জানিয়েছে, আয়াতুল্লাহ আলী খামেনির মৃতদেহ খুঁজে পাওয়া গেছে। একটি সূত্রের বরাত দিয়ে সংবাদমাধ্যম অ্যাক্সিওস জানিয়েছে, যুক্তরাষ্ট্রে নিযুক্ত ইসরায়েলের রাষ্ট্রদূত ইয়েচিয়েল লেইটার মার্কিন কর্মকর্তাদের জানিয়েছেন যে, তেহরানে নিজ কম্পাউন্ডে চালানো হামলায় মি. খামেনি নিহত হয়েছেন। এছাড়া, নিউজ টুয়েলভ এবং টাইমস অব ইসরায়েলসহ একাধিক ইসরায়েলি সংবাদমাধ্যমও ইসরায়েলি কর্মকর্তাদের বরাত দিয়ে সর্বোচ্চ নেতার মৃত্যুর দাবি করেছে। (বিবিসি ওয়েব পেজ : ০১.০৩.২০২৬ নারগীস)

## ইরানি রাষ্ট্রীয় টিভি: খামেনি তার অফিসেই মারা গেছেন

ইরানের সুপ্রিম ন্যাশনাল সিকিউরিটি কাউন্সিল জানিয়েছে, আয়াতুল্লাহ আলী খামেনি শনিবার সকালে তার কার্যালয়ে কাজ করার সময়েই নিহত হয়েছেন।

স্যাটেলাইট থেকে পাওয়া ছবি পর্যালোচনা করে এর আগেই বিবিসি ভেরিফাই লিডারশিপ হাউজ কম্পাউন্ডের ব্যাপক ক্ষয়ক্ষতির বিষয়টি নিশ্চিত করেছিল।

এটিই তেহরানে খামেনির কার্যালয় ছিল।

ইসলামিক রেভল্যুউশনারি গার্ড কোর বা আইআরজিসির সাথে যোগসূত্র আছে এমন সংবাদ সংস্থা তাসনিম নিউজ এজেন্সি বলছে, নিজ কার্যালয়ে খামেনির মৃত্যু প্রমাণ করে যে তিনি আত্মগোপনে গেছেন বলে যেসব খবর দেওয়া হচ্ছিল সেগুলো ছিল 'শত্রুর মনস্তাত্ত্বিক লড়াই'। (বিবিসি ওয়েব পেজ : ০১.০৩.২০২৬ নারগীস)

## 'আত্মরক্ষার অধিকার বৈধ', উপসাগরীয় দেশগুলোর প্রতি ইরানের বিবৃতি

ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি বলেছেন, দেশটি আত্মরক্ষার অধিকারের আওতায় তার সব ধরনের সামরিক সক্ষমতা ব্যবহার করে নিজেদের রক্ষা করবে। এক বিবৃতিতে বলা হয়েছে, আরাঘচি সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত, কাতার, কুয়েত, বাহরাইন ও ইরাকসহ বিভিন্ন দেশের পররাষ্ট্রমন্ত্রীদের সঙ্গে ফোনে কথা বলেছেন। তিনি তাদের জানিয়েছেন যে, ইরান তার দেশের অখণ্ডতা সুরক্ষায় ও "বৈধ আত্মরক্ষার অধিকারের আওতায় সব প্রতিরক্ষামূলক ও সামরিক সক্ষমতা" ব্যবহার করবে। বিবৃতিতে আরও বলা হয়েছে, আরাঘচি এসব দেশকে "তাদের স্থাপনাগুলো ও ভূখণ্ডকে" যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলার উদ্দেশ্যে ব্যবহারের সুযোগ না দেওয়ার "দায়িত্বের কথা স্মরণ করিয়ে দিয়েছেন।" (বিবিসি ওয়েব পেজ: ২৮.০২.২০২৬ এলিনা)

## মধ্যপ্রাচ্যে সংঘাত নিয়ে বিশ্বনেতাদের প্রতিক্রিয়া

ইরানে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যৌথ হামলার পর এ নিয়ে পাল্টা প্রতিক্রিয়া দেখিয়েছে তেহরান। মধ্যপ্রাচ্যে এই সংঘাতের পর এ নিয়ে প্রতিক্রিয়া পাওয়া গেছে বিশ্বের বিভিন্ন দেশের নেতাদের। ইউরোপিয়ান ইউনিয়নের প্রেসিডেন্ট উরসুলা ভন ডার লিয়েন মনে করিয়ে দেন যে, ইউরোপীয়ানরা ইতোমধ্যে ইরানের 'হত্যাকারী' শাসনব্যবস্থার বিরুদ্ধে ব্যাপক নিষেধাজ্ঞা আরোপ করেছে। তিনি বলেন, "আমরা সব পক্ষকে সর্বোচ্চ সংযম দেখানোর আহ্বান জানাই। বেসামরিক নাগরিকদের সুরক্ষা দিতে এবং আন্তর্জাতিক আইন সম্পূর্ণভাবে মেনে চলার আহ্বান জানান।" প্রতিক্রিয়া জানিয়েছেন ইতালির প্রধানমন্ত্রী জর্জিয়া মেলোনিও। তিনি ইরানের বেসামরিক জনগণের প্রতি সংহতি প্রকাশ করেছেন। তিনি উত্তেজনা কমাতে মিত্র ও আঞ্চলিক নেতাদের সঙ্গে আলোচনা করবেন বলেও জানিয়েছেন। অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী অ্যান্থনি আলবানিস বলেন, তার দেশ সকল প্রকার নিপীড়নের বিরুদ্ধে সংগ্রামে ইরানের সাহসী জনগণের পাশে আছে। ইরান যাতে পারমাণবিক অস্ত্র সমৃদ্ধ করতে না পারে, সেই প্রচেষ্টায় যুক্তরাষ্ট্রকে সমর্থনের কথাও জানান তিনি। রাশিয়ার পররাষ্ট্র মন্ত্রণালয়, যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের এই পদক্ষেপকে 'বেপরোয়া' বলে উল্লেখ করেছে এবং বলেছে, এসব পদক্ষেপ আন্তর্জাতিক আইনের লঙ্ঘন। দেশটি কূটনৈতিক ও রাজনৈতিকভাবে সমস্যা সমাধানের তাগিদ দিয়েছে।(বিবিসি ওয়েব পেজ: ২৮.০২.২০২৬ এলিনা)

## যুদ্ধবিরতির আহ্বান ওমানের

ওমানের পররাষ্ট্র মন্ত্রণালয় অবিলম্বে সামরিক অভিযান স্থগিত করার আহ্বান জানিয়েছে এবং জাতিসংঘের নিরাপত্তা পরিষদকে যুদ্ধবিরতি কার্যকর করার জন্য একটি জরুরি বৈঠক করার আহ্বান জানিয়েছে। আন্তর্জাতিক সম্প্রদায়কে আন্তর্জাতিক আইনের সমর্থনে স্পষ্ট অবস্থান নেওয়ারও আহ্বান জানিয়েছেতোরা। ফ্রান্সের প্রেসিডেন্ট এমানুয়েল ম্যাক্রোঁ জাতিসংঘের নিরাপত্তা পরিষদের একটি জরুরি বৈঠকের আহ্বান জানিয়ে বলেছেন যে, যুক্তরাষ্ট্র, ইসরায়েল এবং ইরানের মধ্যে যুদ্ধ আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তার জন্য "মারাত্মক পরিণতি" বয়ে আনবে।

(বিবিসি ওয়েব পেজ: ২৮.০২.২০২৬ এলিনা)

## প্রতিবেশীদের ওপর ইরানের হামলায় যুক্তরাজ্য, ফ্রান্স ও জার্মানির নিন্দা

যুক্তরাজ্য, ফ্রান্স ও জার্মানি পারস্য উপসাগরীয় অঞ্চলের দেশগুলোতে ইরানের হামলার নিন্দা জানিয়েছে এবং বলেছে যে, ইরানের উচিত "লক্ষ্যবিহীন" সামরিক হামলা থেকে বিরত থাকা। "আমরা আঞ্চলিক স্থিতিশীলতা এবং বেসামরিক জীবনের সুরক্ষার প্রতি আমাদের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করছি," ফরাসি রাষ্ট্রপতি এমানুয়েল ম্যাক্রোঁ, জার্মান চ্যান্সেলর ফ্রিডরিখ মের্টজ এবং ব্রিটিশ প্রধানমন্ত্রী কিয়ের স্টারমার এক যৌথ বিবৃতিতে বলেছেন। তারা আরও বলেছেন যে, তারা ইরান এবং মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে আলোচনা পুনরায় শুরু করতে চান। (বিবিসি ওয়েব পেজ: ২৮.০২.২০২৬ এলিনা)

**ইরানে মেয়েদের স্কুলে নিহতের সংখ্যা বেড়ে ৫৩**

ইরানের রাষ্ট্রীয় নিউজ এজেন্সি আইআরএনএ-এর খবর অনুসারে, মেয়েদের একটি স্কুলে হামলার পর মৃতের সংখ্যা বেড়ে ৫৩ জনে দাঁড়িয়েছে। তারা দেশটির শিক্ষা মন্ত্রণালয়ের একজন মুখপাত্রকে উদ্ধৃত করেছে। আলী ফরহাদি সংস্থাটিকে বলেছেন যে, আজ স্কুলটি "তিনটি ক্ষেপণাস্ত্র হামলার লক্ষ্যবস্তু" ছিল। তিনি আরও বলেছেন যে, হামলায় আরও ৬৩ জন আহত হয়েছেন। মুখপাত্র আরও বলেছেন যে, অন্যান্য সম্ভাব্য হতাহতদের সন্ধানের জন্য স্কুলটি ধ্বংসাবশেষ পরিষ্কার করা হচ্ছে। ইরানের দক্ষিণাঞ্চলীয় হরমোজগান প্রদেশের মিনাব কাউন্টিতে মেয়েদের এই প্রাথমিক বিদ্যালয়টি হামলার শিকার হয়। (বিবিসি ওয়েব পেজ: ২৮.০২.২০২৬ এলিনা)

**জাতিসংঘ নিরাপত্তা পরিষদের জরুরি বৈঠকের সম্ভাবনা**

নিউইয়র্কে জাতিসংঘ নিরাপত্তা পরিষদের একটি জরুরি বৈঠক অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। নিউইয়র্ক সময় শনিবার বিকাল ৪টায়, তেহরানের সময় রোরবার দুপুর ১২টা ৩০ মিনিটে এই বৈঠক হতে পারে। জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস "মধ্যপ্রাচ্যে আজকের সামরিক কর্মকাণ্ডের নিন্দা" করার পর এই বৈঠক অনুষ্ঠিত হচ্ছে। "এই কর্মকাণ্ড আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তাকে ক্ষতিগ্রস্ত করছে," মি. গুতেরেস এক বিবৃতিতে বলেছেন, তিনি অবিলম্বে যুদ্ধ বন্ধের আহ্বানও জানিয়েছেন।(বিবিসি ওয়েব পেজ: ২৮.০২.২০২৬ রনি)

**ইরানের সিনিয়র নেতারা ও সেনাপ্রধান নিহত হওয়ার খবর সঠিক নয়, দাবি রাষ্ট্রীয় গণমাধ্যমের**

যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যৌথ হামলায় ইরানের সিনিয়র রাজনৈতিক নেতা ও সেনাপ্রধান নিহত হওয়ার যে খবর ছড়ানো হচ্ছে, তা সঠিক নয় বলে দাবি করেছে দেশটির রাষ্ট্রীয় গণমাধ্যম। ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান নিরাপদে আছেন বলে এক্স পোস্টে (সাবেক টুইটার) জানিয়েছেন তার নির্বাহী ডেপুটি মো. জাফর কিয়ামফানা। আর প্রেসিডেন্ট পেজেশকিয়ানের ছেলে ইউসুফ পেজেশকিয়ান টেলিগ্রামে লিখেছেন, "এইবারও তাদের হত্যাচেষ্টা সফল হয়নি।" ইরানের সেনাবাহিনী তাদের কমান্ডার আমির হাতেমির মৃত্যুর খবর প্রত্যাখ্যান করেছে। ইরানের ফার্স নিউজ এজেন্সি জানিয়েছে, পার্লামেন্ট স্পিকার মোহাম্মদ বাকের কোয়ালিবাফ এবং জাতীয় নিরাপত্তা পরিষদের প্রধান আলী লারিজানিও অক্ষত আছেন। অন্যদিকে, ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনী বা আইডিএফ জানিয়েছে, তেহরানে তারা যে-সব জায়গায় হামলা চালিয়েছে, সেখানে সিনিয়র রাজনৈতিক নেতা ও নিরাপত্তা বাহিনীর কর্মকর্তার জড়ো হয়েছিলেন।(বিবিসি ওয়েব পেজ: ২৮.০২.২০২৬ রনি)

**যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলায় ২০টি প্রদেশ লক্ষ্যবস্তু : ইরানের রেড ক্রিসেন্ট**

ইরানি রেড ক্রিসেন্ট সোসাইটির মুখপাত্র মুজতবা খালিদি বলেছেন, ইরানের প্রায় ২০টি প্রদেশ যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলার লক্ষ্যবস্তু হয়েছে। তার বক্তব্য অনুযায়ী, এসব হামলার পর আহতদের জন্য ত্রাণ ও উদ্ধার কার্যক্রম শুরু হয়েছে। ইরানের বিভিন্ন শহর থেকে ধোঁয়া ওঠা বা বিস্ফোরণের অসংখ্য ছবি প্রকাশিত হয়েছে।
(বিবিসি ওয়েব পেজ: ২৮.০২.২০২৬ রনি)

**কুয়েত আন্তর্জাতিক বিমানবন্দরে ড্রোন হামলা**

কুয়েতের বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ জানিয়েছে, একটি ড্রোন কুয়েত আন্তর্জাতিক বিমানবন্দরে হামলা চালিয়েছে, যার ফলে বেশ কয়েকজন কর্মচারী সামান্য আহত হয়েছেন এবং টার্মিনাল একটি সামান্য ক্ষতি হয়েছে। তারা নিশ্চিত করেছে যে, উপযুক্ত কর্তৃপক্ষ জরুরি পদ্ধতি অনুসারে ঘটনাটি মোকাবিলা করেছে এবং পরিস্থিতি সম্পূর্ণ নিয়ন্ত্রণে রয়েছে। যাত্রী ও কর্মচারীদের নিরাপত্তা তাদের সর্বোচ্চ অগ্রাধিকার।(বিবিসি ওয়েব পেজ: ২৮.০২.২০২৬ রনি)

**ইরানের একাধিক সিনিয়র নেতা নিহত, দাবি ইসরায়েলের**

একজন ইসরায়েলি সামরিক কর্মকর্তা জানিয়েছেন, শনিবারের হামলায় ইরানের একাধিক কর্মকর্তা নিহত হয়েছে। তিনি জানান, অভিযানের সময় একইসঙ্গে তিনটি স্থানে হামলা চালানো হয়, যেখানে ইরান সরকারের সদস্যরা জড়ো হয়েছিলেন। ওই কর্মকর্তা আরও জানান, ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনী গুরুত্বপূর্ণ ও সুনির্দিষ্ট লক্ষ্যবস্তু নির্ধারণ করে যুক্তরাষ্ট্রের সহযোগিতায় এই হামলা চালায়। ইসরায়েল জানিয়েছে, প্রয়োজনে আবারও হামলা চালানোর জন্য প্রস্তুত আছে আইডিএফ। (বিবিসি ওয়েব পেজ: ২৮.০২.২০২৬ রনি)

## এনএইচকে

**এপস্টাইনের অপরাধ সম্পর্কে 'কোনও ধারণা নেই' বলে মার্কিন কংগ্রেসকে জানিয়েছেন বিল ক্লিনটন**

সাবেক মার্কিন প্রেসিডেন্ট বিল ক্লিনটন, কংগ্রেসে প্রদত্ত সাক্ষ্যে যৌন সংশ্লিষ্ট অপরাধের জন্য অভিযুক্ত প্রয়াত অর্থদাতা জেফ্রি এপস্টাইনের অপরাধ সম্পর্কে তার "কোনও ধারণা নেই" বলে জানিয়েছেন। এপস্টাইনের সাথে তার সম্পর্ক নিয়ে আইন প্রণেতাদের প্রায় ছয় ঘণ্টা জিজ্ঞাসাবাদের পর গতকাল শুক্রবার নিউইয়র্ক অঙ্গরাজ্যে অনুষ্ঠিত রুদ্ধদ্বার জবানবন্দি শেষ করেন ক্লিনটন। রিপাবলিকান দলীয় সাংসদদের নেতৃত্বাধীন হাউস কমিটি অন ওভারসাইট অ্যান্ড গভর্নমেন্ট রিফর্ম বা তদারকি ও সরকার সংস্কার বিষয়ক সংসদীয় কমিটি, তাকে সাক্ষ্য দেওয়ার জন্য ডেকে পাঠায়। কমিটির কাছে প্রদত্ত উদ্বোধনী বক্তব্যে ক্লিনটন জানান যে, "এপস্টাইন যে অপরাধ করেছেন, সে সম্পর্কে তার কোনও ধারণা ছিল না," যেটি তিনি সামাজিক যোগাযোগ মাধ্যমেও ভাগাভাগি করেছেন। তার ভাষ্যমতে, এপস্টাইনের সাথে সংক্ষিপ্ত পরিচয় তার অপরাধ প্রকাশ্যে আসার কয়েক বছর আগেই শেষ হয়ে যায়। বিভিন্ন সূত্রের বরাত দিয়ে সিএনএন জানায় যে, প্রদত্ত সাক্ষ্যে ক্লিনটন জ্যাকুজিতে তার সাথে ছবিতে দেখা যাওয়া মহিলাকে চেনেন না বলে জানান। এর আগে, বিচার মন্ত্রণালয়, মহিলাটির মুখমণ্ডল রং দিয়ে ঢেকে দিয়ে ছবিটি প্রকাশ করে। উল্লেখ্য, ভবিষ্যতে ক্লিনটনের সাক্ষ্যের ভিডিওচিত্র ও বক্তব্যের প্রতিলিপি প্রকাশের কথা রয়েছে। মার্কিন সংবাদমাধ্যমগুলোর ভাষ্যমতে, এই প্রথমবারের মতো কংগ্রেসের সামনে কোনও সাবেক প্রেসিডেন্টকে সাক্ষ্য দিতে বাধ্য করা হয়। বৃহস্পতিবার ক্লিনটনের স্ত্রী ও সাবেক পররাষ্ট্রমন্ত্রী হিলারি ক্লিনটন, প্যানেলটির সাথে কথা বলেন। ডেমোক্রেটিক দলীয় সাংসদরা, প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে এই বিষয়ে সাক্ষ্য দেওয়ার আহ্বান জানাচ্ছেন।(এনএইচকে ওয়েবপেইজ: ২৮.০২.২৬ রনি)

# জাগো নিউজ

## প্রথমবারের মতো নিজ কার্যালয়ের কর্মীদের সঙ্গে প্রধানমন্ত্রীর মতবিনিময়

প্রধানমন্ত্রী তারেক রহমান দায়িত্ব গ্রহণের পর আজ শনিবার প্রথমবারের মতো প্রধানমন্ত্রীর কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে মতবিনিময় করেছেন। সকালে তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের শাপলা হলে আয়োজিত মতবিনিময় সভায় প্রধানমন্ত্রীর উপদেষ্টা মীর্জা আব্বাস, মো. ইসমাইল জবিউল্লাহ, রাশেদ আল মাহমুদ তিতুমীর, হুমায়ুন কবির, ব্রিগেডিয়ার জেনারেল (অব.) শামসুল ইসলাম, ডা. জাহেদ উর রহমান ও মাহদী আমিন উপস্থিত ছিলেন। সভায় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব এ বি এম আব্দুস সাত্তার স্বাগত বক্তব্য দেন। পরে কার্যালয়ের গঠন ও কার্যাবলি বিষয়ে একটি উপস্থাপনা তুলে ধরেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক মোহাম্মদ আব্দুল ওয়াদুদ চৌধুরী। সভায় কর্মকর্তা-কর্মচারীদের উদ্দেশ্যে প্রধানমন্ত্রী তারেক রহমান বলেন, বাংলাদেশের মানুষ অনেক প্রত্যাশা নিয়ে সরকারের দিকে তাকিয়ে আছে। কর্মকর্তা-কর্মাচারীরাও সেই সরকারের অংশ উল্লেখ করে তিনি বলেন, "সরকার তখনই ভালো করবে, যখন আপনারা সরকারকে সহযোগিতা করবেন।" তারেক রহমান বলেন, "আমরা এই দেশকে আমাদের প্রথম ও শেষ ঠিকানা বলে মনে করি। তাই দেশের মানুষের ভাগ্যের পরিবর্তনের জন্যও আমাদেরকেই কাজ করতে হবে।" প্রধানমন্ত্রী তারেক রহমান বলেন, প্রত্যেকটি রাজনৈতিক দলের একটি মেনিফেস্টো থাকে। একটি সুষ্ঠু নির্বাচনের মধ্যদিয়ে জনগণ বাংলাদেশ জাতীয়তাবাদী দলের নির্বাচনি ম্যানিফেস্টো বাস্তবায়নের পক্ষে রায় দিয়েছে। তাই মেনিফেস্টোর প্রতিশ্রুতি অনুযায়ী, আমাদের কাজ করতে হবে। প্রধানমন্ত্রী স্বাস্থ্য ও শিক্ষা খাত, নারী শিক্ষা, কর্মসংস্থান, ক্রীড়াসহ মেনিফেস্টোতে উল্লিখিত সব অ্যাজেন্ডা বাস্তবায়নে সরকারি কর্মকর্তা- কর্মচারীদের সহযোগিতা চান। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০২.২০২৬ রিহাব)

## নির্বাচনের মাধ্যমে গণতন্ত্রের যাত্রা শুরু হয়েছে : প্রধানমন্ত্রী

নির্বাচনের মাধ্যমে গণতন্ত্রের যাত্রা শুরু হয়েছে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। শনিবার (২৮ ফেব্রুয়ারি) বিকেলে চীন-মৈত্রী সম্মেলন কেন্দ্রে বিশিষ্ট ব্যক্তিদের সম্মানে জামায়াতে ইসলামী আয়োজিত ইফতার মাহফিলে তিনি এসব কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, আজ আমরা একটি গুরুত্বপূর্ণ সময়ে সবাই এখানে একত্রিত হয়েছি। কিছুদিন আগে দেশে নির্বাচন হয়েছে, এ নির্বাচনের মাধ্যমে গণতন্ত্রের যাত্রা শুরু হয়েছে। যে গণতন্ত্রের জন্য বাংলাদেশের মানুষ প্রায় এক দশকেরও বেশি সময় ধরে অকাতরে জীবন দিয়েছে, বিভিন্ন অত্যাচার-নির্যাতন, গুম-খুনের শিকার হয়েছে। এত ত্যাগের বিনিময়ে আমরা আজকের এই গণতন্ত্রের যাত্রা, যেটি সূচনা হচ্ছে বা হয়েছে, নির্বাচনের মাধ্যমে সেটির সুযোগ পেয়েছি। তিনি বলেন, আন্তরিকভাবে ধন্যবাদ জানাচ্ছি আজ আমাকে, আমার সঙ্গে আমার নেতৃবৃন্দকে এবং আমার সফরসঙ্গীদের এই ইফতার মাহফিলে দাওয়াত দেওয়ার জন্য।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০২.২০২৬ রিহাব)

## কাতারে প্রবাসী বাংলাদেশিদের জন্য বিশেষ সতর্কতা

ইরানে সামরিক অভিযান শুরু করেছে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সামরিক বাহিনী। মধ্যপ্রাচ্যজুড়ে যুক্তরাষ্ট্রের সামরিক স্থাপনাগুলোকে লক্ষ্য করে হামলা চালানোর কথা নিশ্চিত করেছে ইরানও। ইসরায়েলের পর বাহরাইন, সংযুক্ত আরব আমিরাত, কুয়েত, কাতার ও সৌদি আরবে শক্তিশালী বিস্ফোরণের খবর পাওয়া গেছে। এমন উদ্ভূত পরিস্থিতিতে কাতারে অবস্থিত সব প্রবাসী বাংলাদেশি নাগরিককে বিশেষ সতর্কতা অবলম্বন করার জন্য অনুরোধ করেছে দোহায় অবস্থিত বাংলাদেশ দূতাবাস। শনিবার (২৮ ফেব্রুয়ারি) এক জরুরি বিজ্ঞপ্তিতে বাংলাদেশ দূতাবাস বলেছে, নিরাপত্তার স্বার্থে সবাইকে সামরিক স্থাপনার আশপাশ থেকে দূরে থাকার আহ্বান জানানো যাচ্ছে। সবাইকে নিজ নিজ বাসায় অথবা

নিরাপদ স্থানে অবস্থান করার এবং বিপদ কেটে না যাওয়া পর্যন্ত অতি প্রয়োজন ছাড়া বাইরে না যাওয়ার জন্যও বলা হয়েছে বিজ্ঞপ্তিতে। বিজ্ঞপ্তিতে বলা হয়, পরিস্থিতি বিবেচনায় নগদ টাকা, কাতার আইডি, হেলথ কার্ড, প্রয়োজনীয় ওষুধ, মোবাইল চার্জার ও শুকনো খাবারসহ প্রয়োজনীয় জিনিসপত্র সবসময় নিজের সঙ্গে রাখুন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০২.২০২৬ রিহাব)

**যমুনা ছেড়েছেন ড. ইউনূস, উঠেছেন গুলশানের বাসায়**

রাষ্ট্রীয় অতিথি ভবন 'যমুনা' ছেড়েছেন শান্তিতে নোবেলজয়ী অর্থনীতিবিদ অধ্যাপক মুহাম্মদ ইউনূস। দীর্ঘ ১৮ মাস সরকারি এই বাসভবন থেকে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালনের পর, তিনি গুলশানে নিজের বাসভবনে উঠেছেন। শনিবার (২৮ ফেব্রুয়ারি) বিকেলে রাজধানীর হেয়ার রোডে অবস্থিত সরকারি বাসভবন ত্যাগ করে গুলশানে নিজ বাড়িতে ওঠেন তিনি। এর মধ্য দিয়ে জুলাই গণ-অভ্যুত্থান-পরবর্তী অন্তর্বর্তী শাসনের একটি গুরুত্বপূর্ণ অধ্যায়ের অবসান ঘটলো। সংশ্লিষ্ট সূত্র জানায়, বিকেল ৩টা ৫৫ মিনিটে ড. ইউনূসের গাড়িবহর যমুনা প্রাঙ্গণ থেকে বেরিয়ে যায়। এ সময় নিরাপত্তা বাহিনীর সদস্য ও ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সংক্ষিপ্ত আনুষ্ঠানিকতা শেষে তিনি সরাসরি গুলশানের বাসভবনের উদ্দেশ্যে রওয়ানা দেন। দায়িত্ব গ্রহণের সময় যেমন ছিল অনাড়ম্বর, বিদায়ের মুহূর্তেও তেমনি ছিল সংযত ও প্রটোকলনির্ভর। ২০২৪ সালের ৫ আগস্টের রাজনৈতিক পালাবদলের পর সৃষ্ট অস্থিরতার মধ্যে দেশের দায়িত্ব নেন ড. ইউনূস। ৮ আগস্ট তাকে প্রধান উপদেষ্টা করে অন্তর্বর্তী সরকার গঠন করা হয়। সেই সময় রাষ্ট্রীয় অতিথি ভবন 'যমুনাকে' প্রধান উপদেষ্টার কার্যালয় ও সরকারি বাসভবন হিসেবে নির্ধারণ করা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০২.২০২৬ রিহাব)

**মধ্যপ্রাচ্যের কয়েক দেশের আকাশসীমায় ভ্রমণ বন্ধ করলো বাংলাদেশ**

মধ্যপ্রাচ্যের কয়েকটি দেশের আকাশসীমায় ভ্রমণ সাময়িকভাবে বন্ধ ঘোষণা করেছে বাংলাদেশ। বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক) জানায়, বাহরাইন, কুয়েত, দুবাই ও কাতারসহ কয়েকটি দেশের আকাশসীমায় পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এ সিদ্ধান্ত কার্যকর থাকবে। শনিবার (২৮ ফেব্রুয়ারি) বেবিচকের সহকারী পরিচালক (জনসংযোগ) কাওছার আলম এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানান। যাত্রীদের সর্বশেষ তথ্য জানতে সংশ্লিষ্ট এয়ারলাইন্সের সঙ্গে যোগাযোগ রাখার পরামর্শ দেওয়া হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, নিরাপত্তাজনিত পরিস্থিতির কারণে ইরানে ইসরায়েলের হামলার পর মধ্যপ্রাচ্য অঞ্চলে আঞ্চলিক নিরাপত্তা ঝুঁকি বেড়েছে। এ অবস্থায় বাহরাইন, কুয়েত, দুবাই ও কাতারসহ কয়েকটি দেশের আকাশসীমায় ভ্রমণ সাময়িকভাবে বন্ধ ঘোষণা করেছে বেবিচক। পরিস্থিতির কারণে সংশ্লিষ্ট রুটের কয়েকটি বাণিজ্যিক ফ্লাইট বাতিল, বিলম্ব বা পুনর্নির্ধারণ করা হয়েছে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০২.২০২৬ রিহাব)

**১৩ সচিব পদ খালি**

প্রশাসনে ১৩ জন সচিবের পদ খালি রয়েছে। বিএনপি নেতৃত্বাধীন নতুন সরকার গঠনের পর আগের সরকারের সময়ে চুক্তিতে নিয়োগ পাওয়া সচিবদের চুক্তির অবশিষ্ট মেয়াদ বাতিল হয়েছে। একইসঙ্গে কয়েকজন সচিবকে সরিয়ে দেওয়া হয়। এতে বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগের প্রশাসনিক শীর্ষ পদে শূন্যতা সৃষ্টি হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে জানা গেছে, প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব, ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের সচিব, মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সচিব, স্বাস্থ্যসেবা বিভাগের সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিবের পদ খালি রয়েছে। পরিকল্পনা কমিশনের সচিব পদমর্যাদায় তিনজন সদস্যের পদ খালি রয়েছে। ভৌত অবকাঠামো বিভাগের সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগের সদস্য এবং শিল্প ও শক্তি বিভাগের সদস্য পদে কোনো কর্মকর্তা নেই। এছাড়া, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন অ্যাকাডেমির মহাপরিচালক, ভূমি আপিল বোর্ডের চেয়ারম্যানের পদ শূন্য রয়েছে। মুখ্য সমন্বয়ক (এসডিজি) সিনিয়র সচিবদের পদটিও খালি রয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০২.২০২৬ রিহাব)

**যত প্রভাবশালী হোক দ্রুত সময়ে তাসলিমা হত্যার বিচার নিশ্চিত করবো : নাহিদ ইসলাম**

দ্রুততম সময়ে রাজধানীর রামপুরায় শিশু তাসলিমা আক্তার হত্যাকাণ্ডের বিচার নিশ্চিত করা হবে বলে জানিয়েছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক ও বিরোধীদলীয় চিফ হুইপ মো. নাহিদ ইসলাম। শুক্রবার (২৭ ফেব্রুয়ারি) রাতে রামপুরার উলন এলাকায় হত্যাকাণ্ডের শিকার শিশুটির পরিবারের প্রতি সমবেদনা জানাতে গিয়ে এমন আশ্বাস দেন তিনি। ঢাকা-১১ আসনের সংসদ সদস্য নাহিদ ইসলাম বলেন, এই হত্যাকাণ্ড কোনোভাবেই গ্রহণযোগ্য না এবং এটি একটি গর্হিত অপরাধ। প্রত্যক্ষ ও পরোক্ষভাবে যারা এই হত্যাকাণ্ডের সঙ্গে জড়িত ছিল, তাদের কঠোর থেকে কঠোর শাস্তির আওতায় আনা হবে। এলাকার যত বড়ো প্রভাবশালী হোক না কেন, বাড়িওয়ালা হোক আর যাই হোক, সেটা বিবেচনায় নেওয়া হবে না। তিনি বলেন, পুলিশ প্রশাসন নিরপেক্ষভাবে কাজ করবে এবং এই হত্যাকাণ্ডের বিচার আমরা দ্রুত সময়ে নিশ্চিত করবো। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০২.২০২৬ রিহাব)

**পর্যাপ্ত সার মজুত রয়েছে, সঠিকভাবে দিতে তদারকি চলছে : কৃষি প্রতিমন্ত্রী**

কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী সুলতান সালাউদ্দিন টুকু বলেছেন, এই প্রথম আমরা চরাঞ্চলে সেচযন্ত্র বিতরণ করলাম। পাট, বীজ, সারও আমরা এরই মধ্যে বিতরণ করেছি। আমাদের পর্যাপ্ত সার মজুত রয়েছে। কৃষকরা যেন সঠিকভাবে সার পায়, সেজন্য আমরা সর্বোচ্চ তদারকির মধ্যে রেখেছি। সার পেতে কারও কোনো অসুবিধা হবে না, পর্যাপ্ত মজুত রয়েছে। শনিবার (২৮ ফেব্রুয়ারি) দুপুরে খরিফ-১ মৌসুমে পাট ফসলের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় ক্ষুদ্র, প্রান্তিক ও মাঝারি কৃষকদের মাঝে প্রধান অতিথি হিসেবে বিনামূল্যে পাট বীজ ও সার এবং কৃষি সরঞ্জাম বিতরণ শেষে সাংবাদিক তিনি এসব কথা বলেন। তিনি আরও বলেন, আগামী দিনে প্রান্তিক কৃষকরা যাতে সব বিষয়ে উপকার পায়, সে ব্যাপারে আমরা সর্বোচ্চ পদক্ষেপ নেবো। কৃষি উপকরণগুলোতেও আমরা পদক্ষেপ নেবো। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০২.২০২৬ রিহাব)

## অবশেষে পুরস্কার পাচ্ছেন কবি মোহন রায়হান, হস্তান্তর ২ মার্চ

স্থগিত থাকা কবি মোহন রায়হানের বাংলা অ্যাকাডেমি সাহিত্য পুরস্কার দেওয়া হবে আগামী ২ মার্চ। শনিবার (২৮ ফেব্রুয়ারি) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়, কবি মোহন রায়হানকে ২০২৬ সালের বাংলা অ্যাকাডেমি সাহিত্য পুরস্কার প্রদান করার ঘোষণা দেওয়ার পর থেকে বিভিন্ন পত্রিকা ও সোশ্যাল মিডিয়ায় বিরূপ সমালোচনা হওয়ায় তাৎক্ষণিক এ পুরস্কার প্রদান স্থগিত রেখে অভিযোগ পর্যালোচনা করার সিদ্ধান্ত হয়। উত্থাপিত অভিযোগ পর্যালোচনা করার জন্য গত ২৭ ফেব্রুয়ারি মন্ত্রণালয়ে এক জরুরি সভা অনুষ্ঠিত হয়েছে। ওই সভায় সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রী, প্রতিমন্ত্রী ও সচিব উপস্থিত ছিলেন। অভিযোগ পর্যালোচনান্তে প্রধানমন্ত্রীর সম্মতিক্রমে কবি মোহন রায়হানকে ২০২৬ সালের বাংলা অ্যাকাডেমি সাহিত্য পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০২.২০২৬ রিহাব)

## প্রথম অধিবেশনেই অন্তর্বর্তী সরকারের অধ্যাদেশগুলো বিল আকারে পেশ করবো

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী আসাদুজ্জামান বলেছেন, অন্তর্বর্তী সরকারের সময়ে সাংবিধানিকভাবে ১৩৩ অধ্যাদেশ জারি করা হয়েছিল। আগামী সংসদের প্রথম অধিবেশনেই অন্তর্বর্তী সরকারের প্রত্যেকটা অধ্যাদেশই আমরা বিল আকারে পেশ করবো। শনিবার (২৮ ফেব্রুয়ারি) সকালে ঝিনাইদহ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলার সংসদ সদস্য ও জেলায় কর্মরত সরকারি কর্মকর্তাদের সঙ্গে এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি। তিনি বলেছেন, জুলাই গণ-অভ্যুত্থান শহিদদের তাজা রক্তের বিনিময়ে দেশে একটি নির্বাচন হয়েছে, আমরা একটি সরকার পেয়েছি। জুলাই শহিদদের অমর্যাদা হয় বা তাদের আত্মা কষ্ট পায়, এমন কোনো কর্মকাণ্ড এই সরকার মেনে নেবে না। আইনমন্ত্রী বলেন, জুলাই গণ-অভ্যুত্থান চলাকালে যে বা যারা যতটুকু অপরাধ করেছে, তাকে সেই অপরাধের জন্য শাস্তি পেতে হবে। ফ্যাসিস্ট ও গণহত্যার সঙ্গে জড়িতদের আইনগত প্রক্রিয়ার ফাঁক-ফোকর দিয়ে রেহাই পাওয়ার কোনো সুযোগ নেই। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০২.২০২৬ রিহাব)

## অন্তর্বর্তী সরকারের ১৮ মাসে কি চাঁদাবাজি হয়নি : এফবিসিসিআই প্রশাসক

অন্তর্বর্তী সরকারের সময়ে (গত ১৮ মাসে) দেশে কি চাঁদাবাজি হয়নি- এমন প্রশ্ন রেখেছেন দেশের ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন এফবিসিসিআইয়ের প্রশাসক ও বাণিজ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. আবদুর রহিম খান। রাজনীতিতে চাঁদাবাজির স্থান নেই মন্তব্য করে তিনি বলেন, রাজনীতির সঙ্গে চাঁদাবাজির সম্পর্ক একজনের আলোচনায় চলে এসেছে। গত ১৮ মাস তো দেশে গণতান্ত্রিক ব্যবস্থা ছিল না। তখন কি চাঁদাবাজি হয়নি? সুতরাং চাঁদাবাজি বা চাঁদাবাজদের আসলে রাজনৈতিক কোনো অবস্থান নেই। এটি একটি ক্ষত, একটি অসুস্থতা। সমাজের এই ক্ষত বা অসুস্থতাকে দূর করতে গেলে আমাদের দরকার হবে সবার সমন্বিত প্রয়াস।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০২.২০২৬ রিহাব)

## বকেয়া বেতনের দাবিতে অবরোধ, ঢাকা-সিলেট মহাসড়কে ১২ কিলোমিটার যানজট

নারায়ণগঞ্জের রূপগঞ্জে বি-ব্রাদার্স নামক একটি পোশাক কারখানার তিন মাসের বকেয়া বেতন, ছাঁটাই ও নির্যাতনের প্রতিবাদে শ্রমিকরা ঢাকা-সিলেট মহাসড়ক অবরোধ করেন শ্রমিকরা। এতে সড়কের উভয় পাশে প্রায় ১২ কিলোমিটার এলাকাজুড়ে তীব্র যানজট সৃষ্টি হয়েছে। শনিবার (২৮ ফেব্রুয়ারি) সকাল থেকে তারাব পৌরসভার মৈকুলি এলাকায় কারখানার সামনে মহাসড়ক অবরোধ করেন শ্রমিকরা। পরে দুপুর ২টার দিকে তারা অবরোধ তুলে নেন। শ্রমিক ও স্থানীয় সূত্রে জানা যায়, কারখানাটিতে দুই হাজারের অধিক শ্রমিক-কর্মচারী কাজ করেন। তারা ২০২৫ সালের ডিসেম্বর এবং ২০২৬ সালের জানুয়ারি ও ফেব্রুয়ারিসহ ৩ মাসের বকেয়া বেতন-ভাতা পরিশোধের দাবি জানান। মালিকপক্ষ কয়েকদিন ধরে আশ্বাস দিয়েও তালবাহানা করছে। বকেয়া বেতন চাইতে গেলে আটকে রেখে নির্যাতন ও ছাঁটাইয়ের অভিযোগও রয়েছে কারখানা কর্তৃপক্ষের বিরুদ্ধে। এ নিয়ে গত কয়েকদিন ধরে শ্রমিক ও মালিকপক্ষের মধ্যে বিরোধ চলে আসছে বলেও জানান তারা। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০২.২০২৬ রিহাব)

## গুলিস্তানে সড়ক থেকে দুটি কাটা হাত উদ্ধার, আঙুলের ছাপে মিললো পরিচয়

রাজধানীর গুলিস্তানে এক যুবকের কাটা দুই হাত উদ্ধার করেছে পুলিশ। ভুক্তভোগীর দেহের বাকি অংশ উদ্ধারে অভিযান চালাচ্ছে পুলিশ। উদ্ধার দুই হাতের আঙুলের ছাপ নিয়ে ওই ব্যক্তির পরিচয় শনাক্ত করা হয়েছে। ভুক্তভোগীর

নাম ওবায়দুল্লাহ (৩০), বাড়ি নরসিংদীতে। শনিবার (২৮ ফেব্রুয়ারি) পল্টন মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোস্তফা কামাল খান জাগো নিউজকে বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি বলেন, আজ গুলিস্তানে স্টেডিয়াম মার্কেটের ১ এবং ৪ নম্বর গেটের মাঝামাঝি মার্কেটের সামনের রাস্তার পাশ থেকে দুটি কাটা হাত উদ্ধার করা হয়। আঙুলের ছাপ থেকে তার পরিচয় শনাক্ত হয়েছে। তবে ভুক্তভোগীর দেহের বাকি অংশ এখনো উদ্ধার হয়নি। দেহের বাকি অংশ উদ্ধারে অভিযান চালানো হচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০২.২০২৬ রিহাব)

## ভ্রমণকারীদের সরকারি স্বাস্থ্য সহায়তা গ্রহণে সতর্ক করলো মার্কিন দূতাবাস

মার্কিন যুক্তরাষ্ট্রে ভ্রমণকারীদের সে দেশে সরকারি স্বাস্থ্য সহায়তা গ্রহণের বিষয়ে সতর্ক করেছে ঢাকার মার্কিন দূতাবাস। শনিবার (২৮ ফেব্রুয়ারি) এক বার্তায় এ তথ্য জানানো হয়েছে। দূতাবাসের বার্তায় উল্লেখ করা হয়, বিদেশি দর্শনার্থীরা যদি যুক্তরাষ্ট্রে চিকিৎসা সেবার ব্যয় মেটাতে মেডিকেড বা সরকারি সহায়তা ব্যবহার করেন, তবে তা ভিসার শর্ত লঙ্ঘন হিসেবে গণ্য হবে। এতে সৃষ্ট ব্যয় শেষ পর্যন্ত মার্কিন করদাতাদের ওপর বর্তায়। বার্তায় আরও বলা হয়, কেউ যদি যুক্তরাষ্ট্রের সুবিধা অপব্যবহার করেন বা সেগুলোর ওপর নির্ভরশীল হয়ে পড়েন, তবে ভবিষ্যতে যুক্তরাষ্ট্রে ভ্রমণের ক্ষেত্রে অযোগ্য বিবেচিত হতে পারেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০২.২০২৬ রিহাব)

## উঠানে দাদির, সরিষা ক্ষেতে নাতনির বিবস্ত্র মরদেহ উদ্ধার

পাবনার ঈশ্বরদীতে মধ্যরাতে দাদিকে হত্যার পর বাড়ি থেকে নাতনিকে অপহরণ করে ধর্ষণের পর হত্যার অভিযোগ উঠেছে। শুক্রবার (২৭ ফেব্রুয়ারি) দিবাগত রাতের কোনো এক সময় উপজেলার দাশুড়িয়া ইউনিয়নের ভবানিপুর উত্তরপাড়ায় এ ঘটনা ঘটে। নিহতরা হলেন, ভবানিপুর উত্তরপাড়ার জয়নাল খাঁ-এর মা সুফিয়া খাতুন (৬৫) ও মেয়ে জামিলা আক্তার (১৫)। ঈশ্বরদী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মমিনুজ্জামান বিষয়টি নিশ্চিত করেছেন। জানা গেছে, মধ্যরাতে হঠাৎ কান্নাকাটির আওয়াজ শুনে রাস্তায় বের হন স্থানীয়রা। পরে কান্নার আওয়াজ থেমে গেলে বাড়িতে চলে যান তারা। শনিবার সকালে বাড়ির উঠানে সুফিয়া খাতুনের রক্তাক্ত মরদেহ পাওয়া যায়। এক পর্যায়ে জামিলাকে খোঁজাখুঁজির এক পর বিবস্ত্র অবস্থায় সরিষার ক্ষেতে মরদেহ পাওয়া যায়। ঈশ্বরদী সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার প্রণব কুমার জানায়, বিষয়টি নিয়ে পুলিশ কাজ করছে। তদন্ত করে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০২.২০২৬ রিহাব)

## শেকৃবি শিবিরের নতুন সভাপতি মেহেদী, সেক্রেটারি আতিক

বাংলাদেশ ইসলামী ছাত্র-শিবির শের-ই-বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় (শেকৃবি) শাখার ২০২৬ মেয়াদের সভাপতি হিসেবে মনোনীত হয়েছেন মেহেদী হাসান নাইম এবং সেক্রেটারি হিসেবে মনোনীত হয়েছেন আতিকুর রহমান। সদস্যদের প্রত্যক্ষ ভোট ও পরামর্শের ভিত্তিতে তারা মনোনীত হন। শুক্রবার (২৭ ফেব্রুয়ারি) রাতে শেকৃবি শাখা ছাত্র-শিবিরের পেজে প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে উল্লেখ করা হয়, সদস্যদের পরামর্শ ও ভোটের মাধ্যমে তারা সভাপতি ও সেক্রেটারি হিসেবে মনোনীত হয়েছেন। আরও উল্লেখ করা হয়, শুক্রবার (২৭ ফেব্রুয়ারি) শের-ই-বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় শাখার সদস্যদের নিয়ে সদস্য সমাবেশ হয়। সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় গবেষণা সম্পাদক ফখরুল ইসলাম। মনোনীত সভাপতি বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদের ২০১৯-২০ সেশনের শিক্ষার্থী মেহেদী হাসান নাইম এবং মনোনীত সেক্রেটারি বিশ্ববিদ্যালয়ের অ্যানিম্যাল সায়েন্স অ্যান্ড ভেটেরিনারি অনুষদের ২০২০-২১ সেশনের শিক্ষার্থী। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০২.২০২৬ রিহাব)

## চট্টগ্রামে আকাশ হত্যা মামলার পলাতক আসামি গ্রেফতার

চট্টগ্রাম নগরের পাহাড়তলী এলাকায় কিশোর গ্যাংয়ের ছুরিকাঘাতে আকাশ হত্যার ঘটনায় করা মামলার এজাহারভুক্ত এক আসামিকে গাইবান্ধা থেকে গ্রেফতার করেছে র‌্যাব। গ্রেফতার নাজমুল হুদা (১৯) কুড়িগ্রাম সদর উপজেলার পাঠানপাড়া এলাকার বাসিন্দা। শুক্রবার (২৭ ফেব্রুয়ারি) দিনগত রাত সাড়ে ১১টার দিকে র‌্যাব-৭ চট্টগ্রাম ও র‌্যাব-১৩ রংপুরের যৌথ অভিযানে গাইবান্ধার পলাশবাড়ী পৌরসভা এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়। এর আগে, বৃহস্পতিবার (২৬ ফেব্রুয়ারি) রাত সাড়ে ৭টার দিকে পাহাড়তলী থানার বিটাক এসটেক প্লাস্টিক কারখানার সামনে আকাশ (২৬) নামের এক যুবককে ছুরিকাঘাত করা হয়। গুরুতর আহত অবস্থায় স্থানীয় লোকজন তাকে চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। র‌্যাব জানায়, আকাশ ওই কারখানায় হেলপার হিসেবে কাজ করতেন। ঘটনার সময় সন্ত্রাসীরা কারখানার আরেক কর্মচারীকে টেনে নিয়ে যাওয়ার চেষ্টা করলে আকাশ তাকে উদ্ধার করতে এগিয়ে যান। এ সময় নাজমুল হুদাসহ ১২-১৫ জনের একটি দল ধারালো অস্ত্র দিয়ে তাকে আঘাত করে পালিয়ে যান। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০২.২০২৬ রিহাব)

## কলকাতায় মারা গেলেন আওয়ামী লীগের সাবেক এমপি জোয়াহেরুল

টাঙ্গাইল-৮ (বাসাইল-সখিপুর) আসনের সাবেক সংসদ সদস্য ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক অ্যাডভোকেট জোয়াহেরুল ইসলাম আর নেই। শুক্রবার (২৭ ফেব্রুয়ারি) দিবাগত রাতে কলকাতার দমদমে অবস্থিত ফিনিক্স মেডিক্যাল সেন্টার হাসপাতালে চিকিৎসাধীন তার মৃত্যু হয়। হাসপাতাল সূত্র জানায়, গত এক সপ্তাহের বেশি সময় হাসপাতালে ভর্তি ছিলেন তিনি। শুক্রবার মাল্টি অর্গান ফেলিওর এবং হৃদ্রোগে আক্রান্ত হয়ে তার মৃত্যু হয়। মৃত্যুর

সময় জোয়াহেরুল ইসলাম পাশে ছিলেন তার স্ত্রী ও এক মেয়ে। স্ত্রী মেডিক্যাল ভিসায় কলকাতায় অবস্থান করছিলেন। অন্যদিকে তার অসুস্থতার খবর পেয়ে বিদেশ থেকে তার মেয়ে কলকাতার আসেন। সরেজমিনে দেখা যায়, হাসপাতালের ভেতরে কাউকে ঢুকতে দেওয়া হচ্ছে না। জোয়াহেরুল ইসলামের মৃত্যুর খবর জানালেও কঠিন গোপনীয়তা রক্ষা করা হচ্ছে। তার স্ত্রী একবার হাসপাতাল থেকে বের হলেও, কোনো কথা না বলে এবং ভিডিও না করতে অনুরোধ জানিয়ে চলে যান। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০২.২০২৬ রিহাব)

## চট্টগ্রামে চাঁদা না পেয়ে পুলিশ পাহারায় থাকা ব্যবসায়ীর বাসায় গুলি

চট্টগ্রাম নগরের চন্দনপুরা এলাকায় পুলিশ পাহারায় থাকা এক ব্যবসায়ীর বাসা লক্ষ্য করে আবারও গুলি ছুঁড়েছে দুর্বৃত্তরা। শনিবার (২৮ ফেব্রুয়ারি) সকাল সাড়ে ৬টার দিকে স্মার্ট গ্রুপের চেয়ারম্যান মোস্তাফিজুর রহমানের বাসা লক্ষ্য করে গুলির এ ঘটনা ঘটে। এ ঘটনায় কেউ হতাহত না হলেও, এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে। ব্যবসায়ী মোস্তাফিজুর রহমান অভিযোগ করেন, বিদেশে পলাতক সন্ত্রাসী সাজ্জাদ আলীর অনুসারীরা চাঁদা না পেয়ে এ হামলা চালিয়েছে। এর আগে, গত ২ জানুয়ারিও একই বাসায় গুলি করা হয়েছিল। ওই ঘটনার পর থেকে বাসাটিতে পুলিশ পাহারা ছিল। মোস্তাফিজুর রহমান বলেন, সন্ত্রাসী সাজ্জাদ প্রথমে ১০ কোটি টাকা, পরে ৫ কোটি টাকা চাঁদা দাবি করেন। চাঁদা না দেওয়ায় তার বাসায় একাধিকবার হামলার চেষ্টা হয়েছে। আজ ভোরে মুখোশধারী চারজন অস্ত্রধারী বাসার পেছনের দিকে এসে ৬ থেকে ৭ রাউন্ড গুলি ছোড়ে। পরে তারা দ্রুত ঘটনাস্থল ত্যাগ করে। তিনি আরও বলেন, বাসার নিরাপত্তার দায়িত্বে থাকা প্রহরী বিষয়টি পুলিশ সদস্যদের জানালে তারা অবস্থান নেন। তবে এর আগেই হামলাকারীরা পালিয়ে যায়। হামলাকারীদের হাতে পিস্তল, চাইনিজ রাইফেলসহ আধুনিক অস্ত্র ছিল বলে তিনি দাবি করেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০২.২০২৬ রিহাব)

## এক বছরে ৪০৩ শিক্ষার্থীর আত্মহত্যা, নেপথ্যে হতাশা-অভিমান

দেশে শিক্ষার্থীদের আত্মহত্যার প্রবণতা উদ্বেগজনক হারে বেড়েছে। ২০২৫ সালে সারা দেশে স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয় ও মাদ্রাসার ৪০৩ শিক্ষার্থী আত্মহত্যা করেছে। এর মধ্যে দুই-তৃতীয়াংশই ১৩ থেকে ১৯ বছর বয়সি, অর্থাৎ কিশোর-কিশোরী। তাদের আত্মহননের পেছনে হতাশা ও অভিমান সবচেয়ে বড়ো কারণ হিসেবে উঠে এসেছে। শনিবার (২৮ ফেব্রুয়ারি) সামাজিক সংগঠন আঁচল ফাউন্ডেশন আয়োজিত ভার্চুয়াল সংবাদ সম্মেলনে এ তথ্য তুলে ধরা হয়। দেশের ১৬৫টি স্থানীয় ও জাতীয় গণমাধ্যমে প্রকাশিত আত্মহত্যা সংক্রান্ত প্রতিবেদন বিশ্লেষণ করে এ সমীক্ষা প্রকাশ করা হয়। সমীক্ষায় দেখা যায়, ৪০৩ জন আত্মহননকারী শিক্ষার্থীর মধ্যে ১৯০ জনই স্কুল পর্যায়ের, যা মোট ঘটনার ৪৭ দশমিক ৪০ শতাংশ। কলেজ পর্যায়ে ৯২ জন (২২ দশমিক ৮ শতাংশ), বিশ্ববিদ্যালয়ে ৭৭ জন (১৯ দশমিক ১০ শতাংশ) এবং মাদ্রাসায় ৪৪ জন (১০ দশমিক ৭২ শতাংশ) শিক্ষার্থী আত্মহত্যা করেছে। প্রতিবেদনে বলা হয়, কৈশোরের সূচনালগ্নে আবেগীয় অস্থিরতা, পরিচয় সংকট এবং অ্যাকাডেমিক চাপ শিক্ষার্থীদের মানসিকভাবে ঝুঁকিপূর্ণ করে তুলছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০২.২০২৬ রিহাব)

## অশান্ত পরিবেশ তৈরির চেষ্টা করলে আইনের কঠোর প্রয়োগ করবো : আইনমন্ত্রী

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান বলেছেন, আমরা আইনকে তার গতিতেই প্রয়োগ করবো, কেউ যদি ঘোলা পানিতে মাছ শিকার করার চেষ্টা করেন, অশান্ত পরিবেশ তৈরির চেষ্টা করেন, তাহলে আমরা আইনের কঠোর প্রয়োগের দিকে যাবো। শনিবার (২৮ ফেব্রুয়ারি) দুপুর সাড়ে ১২টার দিকে শৈলকুপা ডিগ্রি কলেজ মাঠে গণসংবর্ধনা অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। সংবর্ধনা অনুষ্ঠানে শৈলকুপা ও ঝিনাইদহের বিভিন্ন রাজনৈতিক দল, সামাজিক, স্বেচ্ছাসেবী ও পেশাজীবী সংগঠনের প্রতিনিধিসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশ নেন। আইনমন্ত্রী বলেন, শৈলকুপায় মাদকের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করা হলো। আজকের পর থেকে শৈলকুপার কোথাও কেউ যদি মাদক ব্যবসা করে, তাহলে প্রশাসনকে জানাবেন। প্রশাসন পদক্ষেপ না নিলে আমাকে একটা এসএমএস করবেন। আমরা শৈলকুপা থেকে মাদকের বিষদাঁত ভেঙে দিতে চাই। তিনি আরও বলেন, সরকারি দপ্তরে গিয়ে কেউ যদি সেবা না পান, তাহলে আমাদের জানাবেন। বিএনপির নেতা-কর্মীদের বলবো, আপনারা সরকারি অফিসের হয়রানির খবর আমার কাছে পৌঁছে দেবেন। সরকারি কর্মকর্তা-কর্মচারীরা মানুষের সেবা দিতে বাধ্য। যদি সরকারি কোনো কর্মকর্তা বাড়তি কোনো কিছু দাবি করে, সেটা নিয়েও আমাকে জানাবেন। সরকারি কর্মকর্তাদের বলবো, বেতনের টাকায় আপনাদের না পোষালে চাকরি ছেড়ে দিয়ে চলে যান। তারপরও দুর্নীতি করবেন না। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০২.২০২৬ রিহাব)

## ফুটপাত নিয়ন্ত্রণ করা একান্তই দরকার : নৌ-পরিবহণ মন্ত্রী

ফুটপাত নিয়ন্ত্রণ করা একান্তই দরকার, এটা দারুণভাবে মানুষের চলাচল ব্যাহত করছে ও যানজট সৃষ্টি করছে বলে মন্তব্য করেছেন সড়ক পরিবহণ ও সেতু, নৌ-পরিবহণ এবং রেলপথ মন্ত্রণালয়ের মন্ত্রী শেখ রবিউল আলম। শনিবার (২৮ ফেব্রুয়ারি) বিকেলে রাজধানীর নিউমার্কেটে ফুটওভার ব্রিজ উদ্বোধন শেষে তিনি এ কথা বলেন। মন্ত্রী বলেন, আমরা যারা এলাকায় আছি, সবাই দায়িত্বে আছি। তারা আলোচনা করে একটা গ্রহণযোগ্য পন্থা অবলম্বন করে সবাই

যেন ক্ষতিগ্রস্ত না হয়, উপকৃত হয়, সব পক্ষ যেন মানে, যেটাকে বলা হয়, মেনে নিতে উৎসাহিত হয়, সিদ্ধান্তগুলো আমরা এভাবে নিতে চাচ্ছি। আশা করি, ঈদের পর এই এলাকার শপিং কমপ্লেক্সগুলোর সামনে যে অনাকাঙ্ক্ষিত প্রতিবন্ধকতাগুলো আছে, সেটা দূর করা হবে এবং একটা শৃঙ্খলার পরিবেশ এখানে প্রতিষ্ঠিত করে ব্যবসা এবং যানচলাচল নিশ্চিত করা হবে, সময়োপযোগী করা হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০২.২০২৬ রিহাব)

**গণভবন নয়, সংসদ হবে আলোচনার কেন্দ্রবিন্দু : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী ও বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ বলেছেন, জাতীয় সংসদকে দেশের সব আলোচনার কেন্দ্রবিন্দুতে পরিণত করা হবে। অতীতে জাতীয় সংসদ নামমাত্র থাকলেও, মূল কেন্দ্র ছিল গণভবন। এখন সেই সংস্কৃতি থেকে বেরিয়ে আসার সময় হয়েছে। শনিবার (২৮ ফেব্রুয়ারি) রাজধানীর ধানমন্ডিতে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) প্রথম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে স্বরাষ্ট্রমন্ত্রী এসব কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, জাতীয় সংসদে বিভিন্ন ইস্যুতে আমাদের মধ্যে তর্ক-বিতর্ক ও বহুমত থাকবে, কিন্তু দেশের স্বার্থে সবাইকে ঐকমত্যে থাকতে হবে। জাতীয় সংসদকে আলোচনার কেন্দ্রবিন্দু করবো। অতীতে জাতীয় সংসদ নামমাত্র থাকলেও, মূল কেন্দ্র ছিল গণভবন। আমরা সেই জায়গা থেকে বেরিয়ে এসেছি। জাতীয় সব ইস্যু সেখানে আলোচনা হবে। শহিদদের আকাঙ্ক্ষা অনুযায়ী একটি কার্যকর সংসদ গঠনই হবে আগামীর লক্ষ্য। এনসিপি সম্পর্কে সালাহউদ্দিন আহমদ বলেন, প্রথম বছরই নির্বাচনের মাধ্যমে জাতীয় সংসদে ছয়টি আসন পাওয়া দলটির জন্য বড়ো সাফল্য। এই ধারাবাহিকতা বজায় থাকলে ভবিষ্যতে দলটি রাষ্ট্রক্ষমতায় যাওয়ার সক্ষমতা অর্জন করবে বলেও, আশাবাদ ব্যক্ত করা হয়। সময় লাগবে, তবে সবকিছু ওভারনাইট (রাতারাতি) হয় না। রাজনীতির উত্থান-পতন যারা মানতে পারেনি, তারা রাজনীতিতে টিকে থাকেনি। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০২.২০২৬ রিহাব)

**সব মন্ত্রণালয়কে স্বল্প-মধ্য-দীর্ঘমেয়াদি কর্মপরিকল্পনা নেওয়ার নির্দেশ দিয়েছে সরকার**

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বিএনপির নির্বাচনি ইশতেহার বাস্তবায়নে সব মন্ত্রণালয় ও বিভাগকে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি কর্মপরিকল্পনা নেওয়ার নির্দেশ দিয়েছে সরকার। প্রধানমন্ত্রীর এ নির্দেশনার বিষয়টি জানিয়ে মন্ত্রিপরিষদ বিভাগ গত ২৩ ফেব্রুয়ারি ৫১টি মন্ত্রণালয় ও বিভাগের সিনিয়র সচিব/সচিবদের কাছে চিঠি পাঠিয়েছে। চিঠিতে উল্লেখ করা হয়, গত ১৮ ফেব্রুয়ারি প্রধানমন্ত্রীর সভাপতিত্বে বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগের সচিবদের সঙ্গে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। ওই সভায় প্রধানমন্ত্রী নির্দেশনা দেন যে, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে জনগণের সর্বাধিক সমর্থনপ্রাপ্ত দলের নির্বাচনি ইশতেহার এখন জাতীয় পর্যায়ের প্রতিশ্রুতিতে পরিণত হয়েছে। সরকারের পক্ষ থেকে এসব প্রতিশ্রুতি বাস্তবায়নে সংশ্লিষ্ট সব মন্ত্রণালয় ও বিভাগকে নিজ নিজ আওতাধীন খাতে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়ন করে তা বাস্তবায়নের উদ্যোগ নিতে বলা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০২.২০২৬ রিহাব)

**নারী-শিশু নির্যাতন বন্ধে জামায়াতের মহিলা বিভাগের ১০ দফা দাবি**

নারী ও শিশু নির্যাতন বন্ধে ১০ দফা দাবি জানিয়েছে বাংলাদেশ জামায়াতে ইসলামীর মহিলা বিভাগ। শনিবার (২৮ ফেব্রুয়ারি) রাজধানীর জাতীয় প্রেসক্লাবের সামনে এক মানববন্ধনে এ দাবি জানায় সংগঠনটি। নির্বাচন-পরবর্তী দেশের বিভিন্ন স্থানে নারী ও শিশুদের পাশবিক নির্যাতন করে, হত্যার প্রতিবাদে ও অপরাধীদের দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিতের দাবিতে এ কর্মসূচির আয়োজন করা হয়। মানববন্ধনে সভাপতির বক্তব্যে জামায়াতের মহিলা বিভাগের সেক্রেটারি অধ্যক্ষ নূরুন্নিসা সিদ্দিকা বলেন, "কথিত ওইসব নারী নেত্রীরা সারা দেশে নারী ও শিশু ধর্ষণ এবং খুনের ঘটনায় চুপ কেন? নির্বাচনের আগে জামায়াতের মহিলা বিভাগ প্রশ্নবাণে জর্জরিত ছিল যে জামায়াত ক্ষমতায় গেলে নারীরা রাষ্ট্র ক্ষমতায় যেতে পারবে কি না, তারা নিরাপদ থাকবে কি না? আমার প্রশ্ন হলো- আসল কাজ কোনটা? নারীদের নিরাপত্তা দেওয়া, না রাষ্ট্র ক্ষমতায় যাওয়া? সরকার প্রধান চার স্তরের নিরাপত্তা ভোগ করেন। তার এমপি-মন্ত্রীরা রাষ্ট্রীয় নিরাপত্তা ও প্রটোকল ভোগ করেন। কিন্তু জনগণের জান ও মালের নিরাপত্তা দিতে সরকার ব্যর্থতার পরিচয় দিয়েছে," যোগ করেন তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০২.২০২৬ রিহাব)

**সদ্য বিদায়ি প্রধান উপদেষ্টার সঙ্গে প্রধানমন্ত্রীর প্রতিনিধিদলের সাক্ষাৎ**

সদ্য বিদায়ি অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছে প্রধানমন্ত্রী তারেক রহমানের পক্ষ থেকে একটি প্রতিনিধিদল। শনিবার (২৮ ফেব্রুয়ারি) বিকেল ৩টার দিকে রাজধানীর মিন্টো রোডের রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় এ সাক্ষাৎ হয়। বিদায় উপলক্ষ্যে সাবেক প্রধান উপদেষ্টার সঙ্গে এ সৌজন্য সাক্ষাৎ করেন প্রতিনিধিদলের সদস্যরা। প্রধানমন্ত্রীর প্রতিরক্ষা উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল ড. এ কে এম শামছুল ইসলামের নেতৃত্বে তিন সদস্যের একটি প্রতিনিধিদল সাক্ষাৎ করে। সাক্ষাতের সময় আরও উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর মুখ্য সচিব এ বি এম আব্দুস সাত্তার এবং প্রধানমন্ত্রীর সামরিক সচিব মেজর জেনারেল আবুল হাসনাত মোহাম্মদ তারিক। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০২.২০২৬ রিহাব)

**যিনি দলীয় মনোনয়ন পাবেন, তিনিই সিটি করপোরেশন নির্বাচন করবেন : ইশরাক**

ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন (ডিএসসিসি) নির্বাচনে যিনি দলীয় মনোনয়ন পাবেন, তিনিই নির্বাচন করবেন বলে জানিয়েছেন মুক্তিযুদ্ধ বিষয়ক প্রতিমন্ত্রী ইশরাক হোসেন। শনিবার (২৮ ফেব্রুয়ারি) ডিএসসিসির নগর ভবনে এক প্রেস ব্রিফিংয়ে তিনি এ কথা বলেন। এর আগে, ডিএসসিসি প্রশাসক আব্দুস সালামের সঙ্গে সাক্ষাৎ করেন ইশরাক। মেয়র নির্বাচনে প্রার্থী হওয়ার বিষয়ে সাংবাদিকরা জানতে চাইলে ইশরাক হোসেন বলেন, ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র পদে নির্বাচন করার বিষয়ে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে একটি স্ট্যাটাস দিয়েছি। কিন্তু এই স্ট্যাটাসেই সবকিছু নয়। আমি দলীয় মনোনয়নে ঢাকা-৬ আসনে নির্বাচন করেছি। এখন সামনে সিটি করপোরেশন নির্বাচনে দলীয় মনোনয়ন যিনি পাবেন, তিনিই নির্বাচন করবেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০২.২০২৬ রিহাব)

## ক্যাম্পাসে নিষিদ্ধ ছাত্রলীগের পোস্টার, ২৪ ঘণ্টার আলটিমেটাম ডাকসুর

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থাপনায় নিষিদ্ধ ছাত্রলীগের পোস্টার লাগানোর প্রতিবাদ এবং বিশ্ববিদ্যালয় প্রশাসনের গাফিলতির জবাব চেয়ে প্রক্টর অফিস ঘেরাও করেছে ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) নেতারা। এ সময় ২৪ ঘণ্টার মধ্যে সিসিটিভি ফুটেজ চেক করে দায়ীদের শনাক্ত করে আইনের আওতায় আনার আলটিমেটাম দেন তারা। শনিবার (২৮ ফেব্রুয়ারি) দুপুর ১টায় প্রক্টর অফিসের সামনে অবস্থান নেন তারা। এ সময় তারা 'বাঁশের লাঠি তৈরি কর, ছাত্রলীগ ধোলাই কর;' 'মুজিব মুর্দাবাদ'; 'ছাত্রলীগ পোস্টারিং করে, প্রশাসন কী করে'-সহ নানা স্লোগান দেন। এ সময় ক্যাম্পাসে নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের পোস্টার লাগানোর বিষয়ে প্রক্টর অফিসে ছাত্র প্রতিনিধিরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক সাইফুদ্দীন আহমদের সঙ্গে কথা বলেন। প্রক্টর অধ্যাপক সাইফুদ্দীন আহমদ বলেন, 'পোস্টার কখন লাগিয়েছে আমি যদি জানতাম, তাহলে তো ওরে ধরে ফেলতাম। আমি সিকিউরিটি অফিসারকে বলেছি, প্রত্যেক দারোয়ানের পরিচয় বের করো এবং এস্টেট অফিস যেন এখনই ওদের বরখাস্ত করে। আমরা ওদের প্রত্যেককে ডাকবো, ওখানে কী হয়েছে।' (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০২.২০২৬ রিহাব)

## ফ্লাইট স্থগিত, শাহজালাল বিমানবন্দরে অনিশ্চয়তায় হাজারো যাত্রী

ইরানে যুক্তরাষ্ট্র-ইসরায়েলের পাল্টাপাল্টি হামলায় বন্ধ মধ্যপ্রাচ্যের আকাশসীমা। বাংলাদেশ থেকে মধ্যপ্রাচ্যগামী সব ফ্লাইট স্থগিত ঘোষণা করেছে সংশ্লিষ্ট এয়ারলাইন্সগুলো। এতে হাজারও যাত্রী আটকা পড়েছেন ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে। অনিশ্চয়তায় অনেক যাত্রী ফিরে যাচ্ছেন বিমানবন্দর থেকে। আবার যাদের ফ্লাইট গভীর রাতে, তাদের বিমানবন্দরে যেতে নিষেধ করছে এয়ারলাইন্স কর্তৃপক্ষ। এই অচলাবস্থা কবে কাটবে, তা নিয়ে মিলছে না স্পষ্ট কোনো তথ্য। শাহজালাল বিমানবন্দর সূত্র জানায়, প্রতিদিন এখান থেকে দেড় শতাধিক ফ্লাইট ওঠানামা করে। এর অধিকাংশের চলাচল মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশের সঙ্গে। শনিবার (২৮ ফেব্রুয়ারি) মধ্যপ্রাচ্যের আকাশ অনিরাপদ হয়ে পড়ায় বিকেল থেকে রাত ১২টা পর্যন্ত সূচিতে থাকা অন্তত ৫০টি ফ্লাইট বাতিল করা হয়েছে। রাত ১২টা থেকে আগামীকাল সকাল বা রাত ১২টা পর্যন্ত আরও শতাধিক ফ্লাইট বাতিল হওয়ার তালিকায় আছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০২.২০২৬ রিহাব)

## বিমানবন্দরে যাওয়ার আগে এয়ারলাইন্সের সঙ্গে যোগাযোগের অনুরোধ বেবিচকের

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে যাওয়ার আগে, মধ্যপ্রাচ্যগামী যাত্রীদের সংশ্লিষ্ট এয়ারলাইন্স এবং ট্রাভেল এজেন্সির সঙ্গে যোগাযোগের অনুরোধ জানিয়েছে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক)। শনিবার (২৮ ফেব্রুয়ারি) রাতে বেবিচকের সরকারি পরিচালক কাউসার মাহমুদ সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানান। বিজ্ঞপ্তিতে বলা হয়, মধ্যপ্রাচ্যের আঞ্চলিক নিরাপত্তা পরিস্থিতি অবনতির কারণে কুয়েত, কাতার, বাহরাইন ও সংযুক্ত আরব আমিরাতের আকাশসীমা সাময়িকভাবে বন্ধ রয়েছে। এর পরিপ্রেক্ষিতে, যাত্রীদেরকে নিজ নিজ এয়ারলাইন্স ও ট্রাভেল এজেন্সির সঙ্গে যোগাযোগ পূর্বক যাত্রা নিশ্চিত করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০২.২০২৬ রিহাব)

## সরকার পরামর্শ গ্রহণ না করলে বিরোধীদলের যে ভূমিকা, সেটাই করবো : ডা. শফিকুর

সরকার পরামর্শ গ্রহণ না করলে বিরোধীদলের যে ভূমিকা, সেটাই আমরা পালন করবেন বলে জানিয়েছেন জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। তিনি বলেন, সরকারের গৃহীত সব সংগত পদক্ষেপে বিরোধীদলের পূর্ণ সমর্থন থাকবে। কিন্তু আমাদের বিবেচনায় আমরা যদি দেখি যে, সরকার কোনো অসংগত সিদ্ধান্ত কিংবা পদক্ষেপ নিয়েছে, আমরা প্রথমে দৃষ্টি আকর্ষণ করে সহযোগিতা করবো। সরকার আমাদের পরামর্শগুলো গ্রহণ করলে আমরা কৃতজ্ঞ হবো, জাতি উপকৃত হবে। জামায়াত আমির বলেন, সরকার আমাদের পরামর্শ গ্রহণ না করলে, বিরোধীদলের যে ভূমিকা, সেটাই আমরা পালন করবো। আমরা জাতীয় অধিকারের পক্ষে দাঁড়াবো এবং জাতিকেও আমাদের সঙ্গে শামিল থাকতে বলবো। শনিবার (২৮ ফেব্রুয়ারি) রাজধানীর চীন-মৈত্রী সম্মেলন কেন্দ্রে জামায়াতে ইসলামী আয়োজিত ইফতার মাহফিলে সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০২.২০২৬ রিহাব)

## আব্বাস ভাই বললেন দুষ্টুমি করবা না : নাসীরুদ্দীন পাটওয়ারী

জামায়াতে ইসলামীর ইফতারে প্রধানমন্ত্রীসহ বিভিন্নজনের সঙ্গে কথোপকথনের অভিজ্ঞতা তুলে ধরেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী। সেখানে প্রধানমন্ত্রীর উপদেষ্টা ও ঢাকা-৮ আসনের সংসদ সদস্য মীর্জা আব্বাস তাকে 'দুষ্টুমি' করতে নিষেধ করেছেন বলেও জানান নাসীরুদ্দীন পাটওয়ারী। শনিবার (২৮

ফেব্রুয়ারি) রাতে নিজের ভেরিফায়েড ফেসবুক আইডিতে এক পোস্টে তিনি এ কথা জানান। পাটওয়ারী লিখেছেন, “আজকের জামায়াতে ইসলামীর ইফতার মাহফিলে সব রাজনৈতিক দলের শীর্ষ নেতা, গুরুত্বপূর্ণ রাজনৈতিক ব্যক্তিত্ব, ইফতার পরিবেশনকারী কর্মী এবং নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত সদস্যদের সঙ্গে মুসাফাহ করার চেষ্টা করেছি।” তিনি বলেন, “কিছু গুরুত্বপূর্ণ কথোপকথন- জামায়াতে ইসলামীর আমিরকে বললাম, আমার জন্য দোয়া করবেন। তিনি বললেন, তোমার জন্য দোয়া ও দাওয়াহ দুইটাই রইলো।” এনসিপির এই নেতা বলেন, “প্রধানমন্ত্রী তারেক রহমানকে বললাম, বাসার বুয়া প্রতিদিন ফ্যামিলি কার্ড চায়। এটা নির্বাচনে জেতার ভালো কৌশল ছিল। তিনি বললেন, এটা শুরু করেছি, খুব শিগ্গির সারাদেশে চালু হবে।” (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০২.২০২৬ রিহাব)

## আমিরাতে প্রবাসী বাংলাদেশিদের সতর্ক থাকার আহ্বান

ইরান-ইসরাইলের যুদ্ধ পরিস্থিতির প্রেক্ষাপটে সংযুক্ত আরব আমিরাতে অবস্থানরত প্রবাসী বাংলাদেশিদের বিশেষ সতর্কতা অবলম্বনের আহ্বান জানিয়েছে আবুধাবিস্থ বাংলাদেশ দূতাবাস। নিরাপত্তার স্বার্থে অতি প্রয়োজন ছাড়া বাইরে না যাওয়া এবং স্থানীয় সরকারের নির্দেশনা মেনে চলতে বলা হয়েছে। শনিবার (২৮ ফেব্রুয়ারি) দূতাবাসের এক জরুরি নোটিশে বলা হয়, নিরাপত্তার স্বার্থে প্রবাসীদের যে-কোনো সামরিক স্থাপনার আশপাশ থেকে দূরে থাকতে হবে এবং নিজ নিজ বাসা অথবা নিরাপদ স্থানে অবস্থান করতে হবে। পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত অতি প্রয়োজন ছাড়া বাইরে না যাওয়ার পাশাপাশি, খোলা আকাশের নিচে অবস্থান ও অপ্রয়োজনীয় জমায়েত এড়িয়ে চলার অনুরোধ জানানো হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০২.২০২৬ রিহাব)

## শিশু-কিশোরদের অংশগ্রহণে সংগীত প্রতিযোগিতা, ৩৮ নতুন বই

শনিবার (২৮ ফেব্রুয়ারি) ছিল অমর একুশে বইমেলার তৃতীয় দিন। এদিন সকাল ১১টায় মেলা শুরু হয়ে চলে রাত ৯টা পর্যন্ত। সকাল ১১টা থেকে বেলা ১টা পর্যন্ত মেলায় ছিল শিশুপ্রহর। মেলায় এদিন নতুন বই এসেছে ৩৮টি। সকাল সাড়ে ১০টায় বইমেলা প্রাঙ্গণে অনুষ্ঠিত হয় শিশু-কিশোরদের অংশগ্রহণে সংগীত প্রতিযোগিতার প্রাথমিক বাছাই পর্ব। এতে ৩৪৭ জন (ক শাখায় ৮২ জন, খ শাখায় ১৮৫ জন এবং গ শাখায় ৮১ জন) প্রতিযোগী অংশগ্রহণ করে। প্রতিযোগিতার উদ্বোধন করেন বাংলা অ্যাকাডেমির মহাপরিচালক অধ্যাপক মোহাম্মদ আজম। চূড়ান্ত পর্ব অনুষ্ঠিত হবে আগামী ৭ মার্চ। বিকেল ৩টায় বইমেলার মূলমঞ্চে অনুষ্ঠিত হয় ‘স্মরণ : আহমদ রফিক’ শীর্ষক আলোচনা অনুষ্ঠান। এতে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ইসমাইল সাদী। আলোচনায় অংশ নেন মোস্তফা তারিকুল আহসান। সভাপতিত্ব করেন অধ্যাপক মনসুর মুসা। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০২.২০২৬ রিহাব)

## যশোরে জুট মিলে আগুন, কোটি টাকার ক্ষতির শঙ্কা

যশোরের অভয়নগর উপজেলার প্রেমবাগ ইউনিয়নের উড়োতলা এলাকায় রোমান জুট মিলস লিমিটেডে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। শনিবার (২৮ ফেব্রুয়ারি) বিকেল সাড়ে ৪টার দিকে এই আগুন লাগে। ফায়ার সার্ভিসের দুই ইউনিটের এক ঘণ্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আসে। এতে প্রায় কোটি টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে আশঙ্কা করছে মিল কর্তৃপক্ষ। মিলের ইলেকট্রিক বিভাগের ইনচার্জ সোহেল রানা বলেন, বিকেল সাড়ে ৪টার দিকে পাট সংরক্ষণের পেছনের অংশে আগুন দেখা যায়। মুহূর্তের মধ্যে আগুন মিলের ভেতরে ছড়িয়ে পড়ে। এ সময় কর্মরত শ্রমিক ও কর্মকর্তারা আগুন নেভানোর চেষ্টা করে। পরে নওয়াপাড়া ফায়ার সার্ভিসের দুটি ইউনিট আগুন নিয়ন্ত্রণে কাজ শুরু করে। বিকেল সাড়ে ৫টার দিকে আগুন নিয়ন্ত্রণে আসে। মিলের জেনারেল ম্যানেজার মিরাজুল ইসলাম বলেন, ক্ষয়ক্ষতির পরিমাণ নির্ধারণ করা সম্ভব হয়নি। আগুন নেভানোর পর মনে হয়েছে প্রায় কোটি টাকার মতো ক্ষয়ক্ষতি হয়েছে। হতাহতের কোনো ঘটনা ঘটেনি। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০২.২০২৬ রিহাব)

## বাহরাইনে প্রবাসী বাংলাদেশিদের নিরাপদ স্থানে অবস্থান করার আহ্বান

যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যৌথভাবে ইরানে হামলার জেরে সৃষ্ট পরিস্থিতিতে বাহরাইনে প্রবাসী বাংলাদেশিদের নিরাপদ স্থানে অবস্থান করার আহ্বান জানিয়েছে মানামার বাংলাদেশ দূতাবাস। শনিবার (২৮ ফেব্রুয়ারি) দূতাবাস এক জরুরি বিজ্ঞপ্তিতে এই আহ্বান জানায়। বিজ্ঞপ্তি বলা হয়, বর্তমান আঞ্চলিক পরিস্থিতির পরিপ্রেক্ষিতে বাহরাইনে অবস্থিত সব বাংলাদেশি নাগরিককে বিশেষ সতর্কতা অবলম্বন করার জন্য অনুরোধ করা যাচ্ছে। সবাইকে নিজ নিজ বাসায় অথবা নিরাপদ স্থানে অবস্থান করার এবং প্রয়োজন ছাড়া বাইরে না যাওয়ার জন্য আহ্বান করা যাচ্ছে। সেই সঙ্গে সার্বিক পরিস্থিতি বিবেচনায় নগদ টাকা, সিপিআর, ঔষধ, শুকনো খাবার, মোবাইল চার্জারসহ প্রয়োজনীয় জিনিসপত্র সবসময় নিজের কাছে রাখার পরামর্শ দিয়েছে দূতাবাস। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০২.২০২৬ রিহাব)

## স্টিল কারখানায় হামলা, স্থানীয়দের প্রতিরোধে পিছু হটলো ডাকাত দল

চট্টগ্রামের সীতাকুণ্ডে শীতলপুর এলাকায় অবস্থিত আবুল খায়ের গ্রুপের প্রতিষ্ঠান একেএস স্টিল কারখানায় ২৫-৩০ জনের একটি সংঘবদ্ধ ডাকাত দল স্ক্র্যাপ, লোহা রড লুটের চেষ্টা চালিয়েছে। তারা হামলা চালিয়ে কারখানার গেট ও অফিস ভাঙচুর চালায় ও কয়েকজনকে পিটিয়ে আহত করে। পরে স্থানীয়দের প্রতিরোধে পিছু হটে ডাকাত দল। শুক্রবার (২৭ ফেব্রুয়ারি) সন্ধ্যার পর এ ঘটনা ঘটে। আহতরা হলেন- দায়িত্বে থাকা নৈশপ্রহরী ক্ষতেন ত্রিপুরা, অফিস

স্টাফ আবদুল মোতালেবসহ কয়েকজন শ্রমিক। তবে কারখানার প্রহরিরা মাইকে ডাকাত প্রতিরোধের আহ্বান জানালে স্থানীয় বাসিন্দারা (নারী-পুরুষ) এগিয়ে আসলে ডাকাতরা পিছু হটে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০২.২০২৬ রিহাব)

## হালিশহরে গ্যাস বিস্ফোরণ; আরও একজনের মৃত্যু, প্রাণহানি বেড়ে ৬

চট্টগ্রাম নগরের হালিশহরে বাসার রান্নাঘরে জমে থাকা গ্যাসের বিস্ফোরণে দগ্ধদের মধ্যে আরও একজনের মৃত্যু হয়েছে। এ নিয়ে এ দুর্ঘটনায় মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ছয়জনে। দগ্ধ আরও তিনজনের অবস্থা আশঙ্কাজনক বলে জানিয়েছেন চিকিৎসকেরা। শনিবার (২৮ ফেব্রুয়ারি) সন্ধ্যা ৭টার দিকে জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটের নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) চিকিৎসাধীন অবস্থায় দগ্ধ শিপন হোসেন (৩১) মারা যান। তিনি নিহত পরিবারের সদস্যদের একজন। জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটের আবাসিক চিকিৎসক সহকারী অধ্যাপক ডা. শাওন বিন রহমান বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, শিপন হোসেনের শরীরের ৮৩ শতাংশ দগ্ধ ছিল। এর আগে গত মঙ্গলবার রাতে মো. সাখাওয়াত হোসেন (৪৬) ও আশুরা আক্তার পাখি (৩৫) মারা যান। একই দিন দুপুরে সামির আহমেদ সুমন (৪০) মারা যান। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০২.২০২৬ রিহাব)

## চট্টগ্রাম থেকে মধ্যপ্রাচ্যগামী ও আগমনী ৬ ফ্লাইট বাতিল

ইরানে সামরিক অভিযান শুরু করেছে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সামরিক বাহিনী। মধ্যপ্রাচ্য জুড়ে যুক্তরাষ্ট্রের সামরিক স্থাপনাগুলোকে লক্ষ্য করে হামলা চালানোর কথা নিশ্চিত করেছে ইরানও। ইসরায়েলের পর বাহরাইন, সংযুক্ত আরব আমিরাত, কুয়েত, কাতার ও সৌদি আরবে শক্তিশালী বিস্ফোরণের খবর পাওয়া গেছে। এমন উদ্ভূত পরিস্থিতিতে মধ্যপ্রাচ্যের ৬টি ফ্লাইটের যাওয়া আসা বাতিল করেছে চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর কর্তৃপক্ষ। এর মধ্যে দুবাই, শারজাহ ও দোহাগামী তিনটি এবং শারজাহ, দুবাই ও মাস্কাট থেকে আগমনী তিনটি ফ্লাইট রয়েছে। শনিবার (২৮ ফেব্রুয়ারি) সন্ধ্যায় চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর কর্তৃপক্ষের জনসংযোগ কর্মকর্তা প্রকৌশলী মোহাম্মদ ইব্রাহীম খলিল বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেছেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০২.২০২৬ রিহাব)

## প্রতিষ্ঠাবার্ষিকীতে গণতন্ত্র প্রতিষ্ঠার প্রত্যয় পুনর্ব্যক্ত এনসিপির

প্রথম প্রতিষ্ঠাবার্ষিকীতে গণতন্ত্র প্রতিষ্ঠার প্রত্যয় পুনর্ব্যক্ত করেছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। দলটির নেতারা বলেছেন, গণ-অভ্যুত্থানের চেতনাকে ধারণ করে দেশব্যাপী গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলোকে শক্তিশালী করা এবং জনগণের অধিকার নিশ্চিত করাই আমাদের প্রধান লক্ষ্য। শনিবার (২৮ অক্টোবর) বিকেলে রাজধানীর আবাহনী ক্রীড়া মাঠে আয়োজিত ইফতার মাহফিলে দলের কেন্দ্রীয় ও তৃণমূল পর্যায়ের নেতা-কর্মীদের পাশাপাশি, বিভিন্ন রাজনৈতিক দলের নেতারাও উপস্থিত ছিলেন। ইফতার মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে বিরোধীদলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম বলেন, এক বছরে এনসিপি নানা অভিজ্ঞতার মধ্যদিয়ে এগিয়েছে। শুধু এনসিপি নয়, গণ-অভ্যুত্থান-পরবর্তী সময়ে পুরো বাংলাদেশই বহুমাত্রিক অভিজ্ঞতার ভেতর দিয়ে গেছে। সেই সময়ের বাস্তবতাকে ধারণ করে দেশকে এগিয়ে নিতে যে নেতৃত্ব প্রয়োজন, এনসিপি তার অবস্থান থেকে সে দায়িত্ব পালনের চেষ্টা করে যাচ্ছে। নাহিদ ইসলাম বলেন, এবারের প্রতিষ্ঠাবার্ষিকীর প্রতিপাদ্য- 'দেশ আর যাবে নতুন পথে, ফিরবে না আর ফ্যাসিবাদে।" তার ভাষ্য, দেশ ফ্যাসিবাদী শাসন থেকে বেরিয়ে এসেছে। এখন প্রধান লক্ষ্য হলো গণতন্ত্রকে পূর্ণাঙ্গভাবে প্রতিষ্ঠা করা। এ লক্ষ্য অর্জনে প্রয়োজনীয় সংস্কার, জুলাই সনদ বাস্তবায়ন এবং গণভোটের রায় কার্যকর করার আন্দোলন অব্যাহত থাকবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০২.২০২৬ রিহাব)

## স্থানীয় নির্বাচনের প্রস্তুতি নিতে নেতা-কর্মীদের আহ্বান নাহিদ ইসলামের

স্থানীয় সরকার নির্বাচনের প্রস্তুতি নিতে দলীয় নেতা-কর্মীদের প্রতি আহ্বান জানিয়েছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক মো. নাহিদ ইসলাম। এনসিপির প্রথম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে শনিবার (২৮ ফেব্রুয়ারি) সন্ধ্যায় ধানমন্ডিতে আয়োজিত ইফতার মাহফিলে বক্তব্যে এ কথা বলেন তিনি। নাহিদ ইসলাম বলেন, গণ-অভ্যুত্থান থেকে আমাদের যাত্রা শুরু হয়েছে। আমরা সামনের দিকে এগিয়ে যেতে চাই। সামনে স্থানীয় সরকার নির্বাচন দ্রুত হবে, এটা আমাদের প্রত্যাশা। নেতা-কর্মীদের প্রতি আহ্বান, আপনারা এখনই স্থানীয় সরকার নির্বাচনের প্রস্তুতি নিন। তৃণমূলকে আমরা শক্তিশালী করতে চাই। আমরা জাতীয় সংসদ নির্বাচনে ছয়টি আসনে জয়লাভ করেছি। এতে আমরা সন্তুষ্ট নই, সামনের দিনগুলোতে আমরা এ অর্জন বৃদ্ধি করবো। তিনি বলেন, এক বছর এনসিপি নানান রকম অভিজ্ঞতার মধ্যদিয়ে গেছে। আমরা মনে করি, বিপ্লব থেকে বিকল্প তৈরি হয়েছে। সেই বিকল্প পরবর্তী বাংলাদেশকে বিনির্মাণ করবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০২.২০২৬ রিহাব)

## ধর্ষণে জড়িতের শাস্তির দাবিতে চবি শিক্ষার্থীদের অবস্থান কর্মসূচি

নরসিংদীসহ সারা দেশে সংঘটিত ধর্ষণে জড়িতদের সর্বোচ্চ শাস্তি নিশ্চিত করার দাবিতে অবস্থান কর্মসূচি পালন করেছেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) শিক্ষার্থীরা। শনিবার (২৮ ফেব্রুয়ারি) সন্ধ্যা ৭টায় বিশ্ববিদ্যালয়ের জিরো পয়েন্টে 'ভয়েজ অফ স্টুডেন্ট' ব্যানারে এ কর্মসূচির আয়োজন করে শিক্ষার্থীরা। এসময় শিক্ষার্থীরা ধর্ষকদের শাস্তির

দাবি জানিয়ে বিভিন্ন স্লোগান দেন। কর্মসূচিতে ইসলামিক স্টাডিজ বিভাগের ২০২২-২৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থী আশিকুর রহমান বলেন, নরসিংদীতে ধর্ষণের ঘটনা ঘটেছে। এর আগেও দেশে এমন অনেক নৃশংস ঘটনা ঘটেছে। হায়েনার মতো মানুষ এসব কাজ করছে। আমরা এমন দেশে বাস করছি, যেখানে মা-বোনের নিরাপত্তা নেই। আইন ও বিচার ব্যবস্থার সংস্কার প্রয়োজন। অপরাধীদের দ্রুত বিচার নিশ্চিত করতে হবে। চাকসুর সমাজসেবা ও পরিবেশ বিষয়ক সম্পাদক তাহসিনা রহমান বলেন, দেশে কয়েকদিনের মধ্যে সাতজন শিশু ধর্ষণের শিকার হয়েছে। মানুষ এমন পর্যায়ে নেমে গেছে যে, শিশুদেরও ছাড় দিচ্ছে না। ধর্ষকের একটাই পরিচয়, সে অমানুষ। ধর্ষককে অবশ্যই আইনের আওতায় আনতে হবে। শুধু লোক দেখানো গ্রেফতার নয়, চূড়ান্ত শাস্তি নিশ্চিত করতে হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০২.২০২৬ রিহাব)

# BBC

**IRAN SAYS IT HAS HIT US BASE IN BAHRAIN, AS IT LAUNCHES STRIKES ACROSS REGION**

Iranian forces say they have struck a US naval base in Bahrain, as Iran launched strikes across the region in retaliation for a "massive" and ongoing attack against it by the US and Israel. Huge plumes of black smoke were seen rising from an area near the headquarters of the US Navy's Fifth Fleet in Manama, Bahrain. The extent of any damage is unclear and the US has not commented. Elsewhere across the region, the UAE, Qatar and Kuwait - all home to US military bases - said they have intercepted missiles in their air space. In Doha, Qatar's defence ministry said it had intercepted several missiles apparently targeting the al-Udeid air base, the largest American base in the region. Iran's Revolutionary Guard Corps said in a statement it had launched the retaliatory operation "Truthful Promise 4", targeting US assets in the region. In Israel, sirens were heard across the country after the Israeli military said it had detected an incoming Iranian missile barrage. The defence ministry of the United Arab Emirates said in a statement that the country has been subjected to "a blatant attack involving Iranian ballistic missiles". It said debris fell on a residential area in Abu Dhabi, causing some material damage and killing a civilian.
(BBC News Web Page: 28/02/26, FARUK)

**IRAN SAYS 40 KILLED AFTER STRIKE ON GIRLS SCHOOL: REPORTS**

A local official has told state-run IRNA news agency that 40 people were killed in an Israeli strike on a girls primary school in Iran's southern Minab county in Hormozgan province on 28 February. Governor Mohammad Radmehr said that 48 others were wounded and the death toll from the attack on the Shajareh Tayyebeh girls school was rising. Separately, there is a "near-total" internet blackout in Iran, as well there having been an earlier cyber attack. (BBC News Web Page: 28/02/26, FARUK)

**US, ISRAEL LAUNCH ATTACK ON IRAN, EXPLOSIONS IN TEHRAN, ACROSS NATION**

The United States and Israel have launched an attack on Iran, with explosions heard and seen across Tehran. Several missiles have struck University Street and the Jomhouri area in Tehran, Fars news agency reported. Smoke was seen rising in the city. Iran's semiofficial Tasnim news agency reported that explosions also occurred in Tehran's northern Seyyed Khandan area. Other Iranian media reported attacks nationwide, including in the western Ilam province. US President Donald Trump said the joint attacks are aimed at "eliminating imminent threats from the Iranian regime". An Iranian official told Reuters that Tehran is preparing for retaliation that is set to be "crushing". Iran is preparing to "take revenge" on Israel and deliver "strong response", State TV reported. Explosions rocked northern Israel as the country worked to intercept incoming Iranian missiles shortly after it launched the attack on Iran. (BBC News Web Page: 28/02/26, FARUK)

**STARMER CHAIRS COBRA MEETING OVER US-ISRAELI STRIKES ON IRAN**

Prime Minister Sir Keir Starmer has chaired a Cobra meeting about the US and Israeli air strikes on Iran. Explosions have been heard across multiple Iranian cities including the capital, Tehran, on Saturday, after negotiations to limit Iran's nuclear programme ended without an agreement this week. The UK did not participate in the strikes. The situation has caused disruption to air travel. The emergency committee Cobra, which involves ministers and officials, meets to coordinate the government's response to an emerging situation.
(BBC News Web Page: 28/02/26, FARUK)

**PAKISTAN SAYS 'NO DIALOGUE' WITH AFGHANISTAN AS ATTACKS PERSIST**

International calls for mediation are growing as Pakistan and Afghanistan engage in cross-border fighting for a third day, in the most serious flare-up in violence between the neighbours in months that Pakistan says has brought them into "open war". The European Union's foreign policy chief Kaja Kallas urged on Saturday for the countries to bring down the temperature and enter talks, warning the violence could affect the wider region. Iran , Jordan, the United Arab Emirates and Russia, as well as UN Secretary-General Antonio Gutierres, also urged de-escalation and mediation. Afghanistan's Taliban rulers have said they are open to negotiations to bring an end to the conflict. But Pakistan on Saturday said there would be "no dialogue", repeating its long-running demand that Afghanistan stop harbouring "terrorism", an allegation Kabul denies.
(BBC News Web Page: 28/02/26, FARUK)

**AFTER NORTH KOREA PARTY CONGRESS, KIM GIFTS RIFLES TO OFFICIALS, DAUGHTER**

North Korean leader Kim Jong Un has presented new sniper rifles to top government and military officials following a weeklong governing party congress lauding his leadership. State media highlighted an image of his teenage daughter taking aim at a shooting range as her increasingly prominent appearances stoke speculation that Kim is grooming her as a future leader. Kim presented the rifles to senior party and military officials on Friday, calling them a sign of his "absolute trust" and gratitude for their commitment over the past five years since the last Workers' Party of Korea congress in 2021, according to North Korea's official Korean Central News Agency on Saturday. (BBC News Web Page: 28/02/26, FARUK)

**ISRAELI STRIKES HIT SOUTHERN LEBANON'S AL-TUFFAH REGION, MARKABA: REPORTS**

Israeli air strikes have targeted Blat and Wadi Barghouti in several strikes in southern Lebanon's Iqlim al-Tuffah region, in the latest violation of a ceasefire reached in November 2024 between Israel and the Lebanese armed group Hezbollah. The Israeli military said its forces were launching attacks on Hezbollah infrastructure in southern Lebanon. This is the usual army line, but civilians and civilian infrastructure have been targeted in the ongoing near-daily Israeli attacks. The Lebanese Al-Mayadeen channel confirmed that the Israeli army aircraft targeted the heights of the al-Tuffah region with a series of raids. Hezbollah's Al-Manar TV reported that Israeli "quadcopter" drones dropped explosive devices for the third time in the town of Markaba. (BBC News Web Page: 28/02/26, FARUK)

**AT LEAST 20 KILLED AFTER MILITARY PLANE CARRYING BANKNOTES CRASHES IN BOLIVIA**

At least 20 people have been killed and others injured after a Bolivian air force cargo plane crashed in the western city of El Alto, the country's authorities say. The incident happened at 18:15 local time on Friday as the plane was arriving at El Alto's airport from the city of Santa Cruz, aviation officials said. It reportedly skidded off the runway and hit nearby vehicles. The defence ministry later confirmed its C-130 Hercules was involved and that it had been transporting banknotes to the Central Bank of Bolivia. There were eight people aboard the plane, the air force commander said. (BBC News Web Page: 28/2/26, FARUK)

**A 'DELICATE' BALANCE FOR CANADA AND A 'WIN-WIN' FOR MODI AS CARNEY VISITS INDIA**

Prime Minister Mark Carney is in India for a pivotal trip aimed at repair ties with the world's largest democracy, as both countries seek to reduce their trade reliance on the US. Carney began his visit in Mumbai, where he is meeting with business leaders. He will then travel to New Delhi for talks with Prime Minister Narendra Modi. The trip marks a remarkable turnaround in relations, which had collapsed when Canada accused India of carrying out an extrajudicial killing of a Canadian Sikh separatist on Canadian soil - an allegation India strongly denied. Both sides now appear ready to move forward. Here's what has changed, and what each country hopes to gain as Carney's trip gets underway.
(BBC News Web Page: 28/02/26, FARUK)

**AID GROUPS IN GAZA AND WEST BANK THROWN LIFELINE AS ISRAEL COURT PAUSES BAN THREAT**

Israel's High Court has temporarily halted a ban on international aid groups from working in the occupied Palestinian territories unless they meet strict new rules. The injunction came ahead of an Israeli deadline for 37 well-known organizations to stop work, something the

groups warn will remove a lifeline for vulnerable people and cause "irreparable harm". Four months into a fragile ceasefire in war-torn Gaza, most of the more than two million population relies on aid - for food, medical care and water. In the West Bank, humanitarian organizations have been helping Palestinians who have been forced off their land by rapid Israeli settlement expansion and settler violence. In December, Israel told organizations - including Medecins Sans Frontieres (MSF, Doctors Without Borders) Oxfam, Save the Children, ActionAid and the Norwegian Refugee Council (NRC) - that their registrations had expired. They were given 60 days to renew them - by complying with new rules - or cease operations by 1 March. (BBC News Web Page: 28/02/26, FARUK)

**TRAM DERAILS IN MILAN, LEAVING TWO DEAD AND DOZENS INJURED**

At least two people have been killed and up to 40 others are reported to have been injured, after a tram derailed in the northern Italian city of Milan. The crowded tram was travelling on the line 9 route along Milan's Viale Vittorio Veneto at about 16:00 local time when it left the track and crashed into a building. One of the people who died, a 60-year-old man, is thought to have been a pedestrian hit by the tram, while the other fatality and most of the injured were passengers. (BBC News Web Page: 28/02/26, FARUK)

**:: THE END ::**